# জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের পরিচিতি

## ভূমিকা

বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বে দেশের সমৃদ্ধি অর্জনে দক্ষতা উন্নয়নের কোনো বিকল্প নেই। দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে দক্ষ জনশক্তি তৈরি এবং তাদের কর্মসংস্থান নিশ্চিত করা অপরিহার্য। এ-জন্য ক্রমাগত শিল্পায়ন, দেশ ও বিদেশের শ্রমবাজারের বহুমুখী শ্রমের চাহিদা পূরণ, প্রযুক্তির পরিবর্তনের সাথে তাল মিলিয়ে প্রশিক্ষণ প্রদান, পরিবর্তিত আন্তর্জাতিক বাজারে অধিক সংখ্যক দক্ষ শ্রমিকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা দরকার। বাংলাদেশে প্রতিবছর ২২ লক্ষের অধিক যুব শ্রমবাজারে প্রবেশ করে। জনসংখ্যার বিচারে বাংলাদেশ বর্তমানে ডেমোগ্রাফিক ডিভিডেন্ট-এর সুবিধা গ্রহণের পর্যায়ে আছে। শ্রমবাজারে প্রতিবছর যুক্ত হওয়া এ যুব জনগোষ্ঠীকে বিদ্যমান ও সম্ভাবনাময় ভবিষ্যৎ পেশায় উপযুক্ত দক্ষতা প্রশিক্ষণের মাধ্যমে গড়ে তুলে সেই ডেমোগ্রাফিক ডিভিডেন্ট-এর সুযোগ পুরোপুরি কাজে লাগানো যায়।

দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের বিদ্যমান ধারাবাহিকতা বেগবান করে উচ্চতর প্রবৃদ্ধির পথে উত্তরণের নিমিত্ত বাংলাদেশের বিপুল সংখ্যক কর্মক্ষম জনগোষ্ঠীকে উৎপাদনক্ষম দক্ষ মানবসম্পদে পরিণত করা, মানসম্মত প্রশিক্ষণ নিশ্চিতকরণসহ অভিন্ন সনদায়নের লক্ষ্যে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) কাজ করছে। এ লক্ষ্যে প্রশিক্ষণ সম্পর্কীয় সকল কার্যক্রমের সমন্বয়সাধন, দক্ষতার পারস্পরিক স্বীকৃতি, অভিন্ন প্রশিক্ষণ কারিকুলাম প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন, অ্যাসেসমেন্ট পরিচালনা ও সনদায়ন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের অন্যতম প্রধান কাজ। এ-সকল কার্যক্রম বাস্তবায়নে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ ফেব্রুয়ারি ২০১৯ থেকে কার্যক্রম শুরু করে। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের অনুমোদিত মোট জনবল ৮৮ জন।

## ১.২ রূপকল্প

দক্ষ মানবসম্পদ তৈরি।

## ১.৩ অভিলক্ষ্য

জাতীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদার ভিত্তিতে দক্ষতা উন্নয়ন সম্পর্কিত যাবতীয় কার্যক্রমের পরিকল্পনা ও সমন্বয় সাধনের মাধ্যমে দক্ষ মানবসম্পদ তৈরি।

## ১.৪ উদ্দেশ্য

১) দেশের কর্মক্ষম জনগোষ্ঠীকে দক্ষতা প্রশিক্ষণে এবং চাকরিদাতা প্রতিষ্ঠান, দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সকল অংশীজনকে দক্ষতা উন্নয়ন কার্যক্রমে আগ্রহী করে তোলা।

২) আন্তর্জাতিকভাবে স্বীকৃত উত্তম অনুশীলন চর্চা (Best Practice) অনুসরণে দেশীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারে দক্ষ শ্রমিকের চাহিদা পূরণে সক্ষম একটি কার্যকর মানসম্মত দক্ষতা প্রশিক্ষণ ও সনদায়ন ব্যবস্থা গড়ে তোলা।

৩) অনগ্রসর জনগোষ্ঠীকে সমাজের মূল স্রোতে যুক্ত করার লক্ষ্যে দক্ষতা উন্নয়ন কার্যক্রমে তাদের জন্য বিশেষ সুযোগ সৃষ্টি করা।

৪) দক্ষতা উন্নয়ন বিষয়ে বিদ্যমান আইন, বিধি ও নীতিমালার আলোকে দক্ষতা উন্নয়ন সংক্রান্ত সকল কার্যক্রম সমন্বয়ের লক্ষ্যে সৃষ্ট প্রাতিষ্ঠানিক কাঠামো কার্যকর করা।

৫) দক্ষতা উন্নয়ন নীতি বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা।

## ১.৫ এনএসডিএ-এর দায়িত্ব ও কার্যাবলি

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮-এর ধারা ৬ অনুযায়ী কর্তৃপক্ষের দায়িত্ব ও কার্যাবলি নিম্নরূপ:

(ক) জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, কৌশল ও কর্মপরিকল্পনা প্রণয়ন করা;

(খ) দেশীয় ও আন্তর্জাতিক শ্রম বাজারের জন্য দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে সরকারি ও বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের জন্য কর্মকৃতি নির্দেশক (Key Performance Indicator), অভিন্ন প্রশিক্ষণ পাঠ্যক্রম প্রণয়ন এবং বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রম সমন্বয়, পরিবীক্ষণ ও মূল্যায়ন করা;

(গ) জাতীয় ও আন্তর্জাতিক শ্রম বাজারের চাহিদার পূর্বাভাস সম্পর্কিত তথ্য প্রকাশ এবং খাতভিত্তিক দক্ষতা তথ্য ভান্ডার প্রতিষ্ঠা করা;

(ঘ) এই আইনের পরিধিভুক্ত, প্রযোজ্য ক্ষেত্রে, পেশার পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি (Recognition of Prior Learning) প্রদান করা;

(ঙ) দক্ষতা উন্নয়ন সংক্রান্ত সকল প্রকল্প ও কর্মসূচি পরিবীক্ষণ ও সমন্বয় সাধন করা;

(চ) প্রশিক্ষণের মান উন্নয়ন, সনদায়ন ও পারস্পরিক স্বীকৃতির ব্যবস্থা গ্রহণ করা;

(ছ) শিল্প দক্ষতা পরিষদ গঠন এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান করা;

(জ) শিল্প সংযুক্তিকরণ (Industry Linkage) শক্তিশালী করা;

(ঝ) দক্ষ মানবসম্পদ সৃষ্টির লক্ষ্যে কর্তৃপক্ষ কর্তৃক স্বীয় বিবেচনায় কোনো কার্যক্রম গ্রহণ করা; এবং

(ঞ) সরকার বা গভর্নিং বোর্ড কর্তৃক নির্দেশিত অন্য কোনো দায়িত্ব পালন করা।

# ২০২৩-২০২৪ অর্থবছরে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের সম্পাদিত কার্যাবলি

## ২.০ প্রশাসন ও অর্থ উইং-এর কার্যক্রমের অগ্রগতি

### ২.১ জনবল নিয়োগ

এনএসডিএ-এর অনুমোদিত জনবলের মধ্যে ৫৪টি পদ নিজস্ব। চাকরি প্রবিধানমালা, ২০২১ বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের মতামতের ভিত্তিতে এনএসডিএ-এর নিজস্ব জনবল হিসেবে সামগ্রিক নিয়োগ-প্রক্রিয়া সম্পন্ন করে ১৩টি পদে ৪৪ জন কর্মকর্তা/কর্মচারীকে নিয়োগ প্রদান করা হয়। ২০২৩-২৪ অর্থবছরে ২৩টি শূন্য পদে পুনরায় নিয়োগ কার্যক্রম শুরু করা হয় যা বর্তমানে শেষ পর্যায়ে রয়েছে।

### ২.৪ বিশ্ব যুব দক্ষতা দিবস উদ্‌যাপন

বিশ্ব যুব দক্ষতা দিবস ২০২৩ উপলক্ষ্যে ১৬ জুলাই ২০২৩ রবিবার জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক বর্ণাঢ্য র‍্যালী ও আলোচনা সভার আয়োজন করা হয়। যুবদের মধ্যে দক্ষতা জনপ্রিয় করা ও দক্ষতা সম্পর্কে নেতিবাচক সামাজিক ধারণা দূরীকরণে এ দিবস উদ্‌যাপনের ভূমিকা আছে। প্রতি বছর জুলাইয়ের ১৫ তারিখে সারা বিশ্বে দিবসটি পালিত হয়। ইউনিসেফ-ইউনিভোক কর্তৃক এ বছর দিবসটির প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'Skilling Teachers, trainers and youth for a transformative future' যার বাংলা ভাবার্থ করা হয়েছে 'পরিবর্তনশীল আগামীর জন্য দক্ষতা।' দিবসটি উপলক্ষ্যে দক্ষতা প্রশিক্ষণ বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে সকাল ০৯.০০ ঘটিকায় এনএসডিএ আয়োজিত একটি র‍্যালি বিনিয়োগ ভবন প্রাঙ্গন থেকে শুরু করে আগারগাঁও ও তৎসংলগ্ন এলাকা প্রদক্ষিণ করে। র‍্যালিতে এনএসডিএ-এর নির্বাহী চেয়ারম্যান (সচিব), এনএসডিএ-এর বিভিন্ন স্তরের কর্মকর্তা কর্মচারীসহ বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীগণ অংশগ্রহণ করেন। সকাল ১০.০০টায় বিনিয়োগ ভবনের মাল্টিপারপাস অডিটোরিয়ামে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব ও এনএসডিএ-এর নির্বাহী চেয়ারম্যান নাসরীন আফরোজ মহোদয়ের সভাপতিত্বে আলোচনাসভা অনুষ্ঠিত হয়।।

বেকারত্ব এবং কর্মসংস্থানের চ্যালেঞ্জ মোকাবেলা করে যুবদের জন্য উন্নততর আর্থসামাজিক পরিবেশ সৃষ্টি, প্রতিযোগিতামূলক শ্রমবাজারে টিকে থাকার জন্য তরুণদের দক্ষতা বৃদ্ধির গুরুত্ব অনুধাবন ও স্বীকৃতির জন্য দক্ষতা অর্জন ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ২০১৪ সালের ১৮ ডিসেম্বর অনুষ্ঠিত জাতিসংঘের সাধারণ সভায় প্রতিবছর জুলাই মাসের ১৫ তারিখ World Skills Day পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। এর উদ্দেশ্য হলো, বেকারত্ব এবং কর্মসংস্থানের চ্যালেঞ্জ মোকাবেলা করে যুবদের জন্য উন্নততর আর্থসামাজিক পরিবেশ সৃষ্টি করা। প্রতিযোগিতামূলক ও চ্যালেঞ্জিং শ্রমবাজারে টিকে থাকার জন্য তরুণদের দক্ষতা বৃদ্ধির গুরুত্ব অনুধাবন ও স্বীকৃতির জন্য দক্ষতা উন্নয়ন ব্যবস্থার সাথে সংশ্লিষ্ট কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান এবং অন্যান্য সরকারি ও বেসরকারি অংশীজন কর্তৃক দিবসটি উদ্‌যাপন করা হয়।




বিশ্ব যুব দক্ষতা দিবস, ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে র‍্যালি

যথাযোগ্য মর্যাদায় বিশ্ব যুব দক্ষতা দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে এনএসডিএ কর্তৃক র‍্যালি, দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ, দক্ষতা প্রশিক্ষণের বিষয়ে মোবাইলে ম্যাসেজ প্রদান, ব্যানার ও ফ্যাস্টুন দিয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক সজ্জিতকরণ, টেলিভিশনে স্ক্রল আকারে খবর প্রকাশ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রেস রিলিজ প্রদান, ব্রশিওর তৈরিসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়।

## ২.৫ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

২০২৩-২৪ অর্থবছরে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্জন সন্তোষজনক। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথযাথ ব্যবহার নিশ্চিতকরণে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। গত অর্থবছরে এনএসডিএ-এর লক্ষ্যমাত্রা সন্তোষজনকভাবে অর্জিত হয়েছে। নিম্নের বিষয়গুলোতে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে:

| | **কার্যক্রম** | **মোট অর্জন** |
|---|---|---|
| **কৌশলগত উদ্দেশ্য ও মান** | সিবিএলএম প্রণয়ন | **১১৩** |
| | প্রতিষ্ঠান নিবন্ধন আবেদন নিস্পত্তি | **১০০** |
| | প্রশিক্ষক অ্যাসেসমেন্ট এর আবেদন নিস্পত্তি | **১০০** |
| | অ্যাসেসর অ্যাসেসমেন্টর আবেদন নিস্পত্তি | **১০০** |
| | প্রশিক্ষণার্থী অ্যাসেসমেন্ট | **১০০** |
| | প্রশিক্ষণার্থী সনদায়ন | **১০০** |
| স্কিলস ইকোসিস্টেম শক্তিশালীকরণ (২৫) | অন্যান্য মন্ত্রণালয় /বিভাগ/দপ্তরের সাথে সংযোগ স্থাপন | **১০০** |
| | স্কীলস পোর্টাল চালু | **১** |
| | আইএসসি গঠন | **২** |
| | দক্ষতা বিষয়ক কার্যক্রম সমন্বয়/জনপ্রিয়করণের লক্ষ্যে আইএসসিদের সাথে কর্মশালা | **১** |
| | টিভিসি/ এভিসি/ ভিডিও ডকুমেন্টারি প্রস্তুত | **২** |
| | দক্ষতা প্রশিক্ষণ বিষয়ক প্রচারণামূলক সভা/সেমিনার/ওয়ার্কশপ/শোভাযাত্রা | **৬** |
| নীতি/কর্মপরিকল্পনা/গাইডলাইন প্রণয়ন ও বাস্তবায়ন (২০) | জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ তহবিল প্রবিধানমালা ২০২২ প্রণয়ন | **অর্জিত** |
| | কোর্স পরিবীক্ষণ গাইডলাইন,২০২২ | **অর্জিত** |
| | জাতীয় মানব সম্পদ উন্নয়ন (এনএইচআরডিএফ) বাস্তবায়ন | **১০০** |

## ২.৬. কর্মশালা/সেমিনার

বিভিন্ন অংশীজনদের মধ্যে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের কার্যক্রমের পরিচিতি তুলে ধরা, দক্ষতা প্রশিক্ষণ বিষয়ে জাতীয় গুরুত্বপূর্ণ ইস্যু সম্পর্কে সাধারণ জনগণকে অবহিত করা এবং দক্ষতার সুফল সম্পর্কে যুবদের উৎসাহিত করার লক্ষ্যে এনএসডেএ বিভিন্ন সময়ে কর্মশালা/সেমিনারের আয়োজন করে থাকে। ২০২৩-২৪ অর্থবছরে প্রশাসন ও অর্থ উইং-এর মাধ্যমে নিম্নোক্ত কর্মশালা/সেমিনার আয়োজন করা হয়:

### ২.৬.১ ‘এক্সপ্লোরিং ইন্ডাস্ট্রিয়াল ক্যাপাসিটি এন্ড স্কিলস ডিমান্ড অফ লজিসটিকস সেক্টর: স্টেকহোল্ডার কনসালটেশন’ শীর্ষক কর্মশালা

১২ অক্টোবর ২০২৩ রাজধানীর আগারগাঁওয়ের পর্যটন ভবনের শৈলপ্রপাত হলে এনএসডিএ ‘ওয়ার্কশপ অন এক্সপ্লোরিং ইন্ডাস্ট্রিয়াল ক্যাপাসিটি এন্ড স্কিলস ডিমান্ড অফ লজিসটিকস সেক্টর: স্টেকহোল্ডার কনসালটেশন’ শীর্ষক কর্মশালার আয়োজন করে। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ ( বেজা)-এর নির্বাহী চেয়ারম্যান (সিনিয়র সচিব)  শেখ ইউসুফ হারুন। তিনি বলেন, লজিসটিকস সেক্টরের উন্নয়নের পাশাপাশি বিদ্যমান বেশ কিছু চ্যালেঞ্জ রয়েছে যা মোকাবেলার জন্য সরকার কাজ করছে। তিনি আরও বলেন, সরকার ১০০টি অর্থনৈতিক অঞ্চল তৈরি করছে যেখানে লজিসটিকস সেক্টরে দক্ষ লোকবলের দরকার হবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (একাডেমিক) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল। তিনি দক্ষ জনবল গড়ে তোলার লক্ষ্যে ইন্ডাস্ট্রি, একাডেমিয়া এবং সরকারের সমন্বিত কর্মপ্রচেষ্টা গ্রহণের বিকল্প নেই মর্মে অভিমত ব্যক্ত করেন। কর্মশালার সভাপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব ও এনএসডিএ-এর নির্বাহী চেয়ারম্যান নাসরীন আফরোজ দক্ষতা উন্নয়নে সমন্বিতভাবে কাজ করার জন্য সবাইকে আহবান জানান। যুব সমাজকে দক্ষ করে গড়ে তুলে জনমিতিক লভ্যাংশকে কাজে লাগানো এবং লজিসটিকস সেক্টরসহ অন্যান্য সেক্টরে স্কিলস গ্যাপ নিরূপণের জন্য ধারাবাহিক গবেষণাকর্ম পরিচালনায় এশীয় উন্নয়ন ব্যাংক এবং অন্যান্য উন্নয়ন সহযোগী সংস্থা সহায়তা প্রদান করতে পারে বলে তিনি মতামত ব্যক্ত করেন। বিভিন্ন মন্ত্রণালয়ের ঊর্ধতন কর্মকর্তা, এশীয় উন্নয়ন ব্যাংকের প্রতিনিধি, বিভিন্ন ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিলের প্রতিনিধি ও লজিসিটিকস সেক্টরের বিভিন্ন সংস্থার প্রতিনিধিবৃন্দ কর্মশালায় উপস্থিত ছিলেন।

বাংলাদেশে লজিসটিকস খাতের সামগ্রিক উন্নয়ন ও বিকাশে সরকার ইতোমধ্যেই বিভিন্ন ধরণের প্রণোদনামূলক কার্যক্রম গ্রহণ ও নীতিমালা তৈরি করছে। বর্তমান প্রযুক্তিনির্ভর বিশ্বের সাথে তাল মিলিয়ে বাংলাদেশের লজিসটিকস খাতকে এগিয়ে নিতে এবং এই  সেক্টরে দক্ষ কর্মী তৈরিতে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) কাজ করছে।



‘এক্সপ্লোরিং ইন্ডাস্ট্রিয়াল ক্যাপাসিটি এন্ড স্কিলস ডিমান্ড অফ লজিসটিকস সেক্টর: স্টেকহোল্ডার কনসালটেশন’ শীর্ষক কর্মশালা

### ২.৬.২ প্রচার-প্রচারণার লক্ষ্যে সৃজনশীল কনটেন্ট উদ্ভাবনী কর্মশালা অনুষ্ঠিত

১৬ অক্টোবর ২০২৩ এনএসডিএ সভাকক্ষে দেশের মিডিয়া ব্যক্তিত্বদের নিয়ে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। এনএসডিএ-এর কার্যক্রমের ব্যাপক প্রচার ও পসারের কৌশল সম্পর্কে কর্মশালায় বিস্তারিত আলোচনা হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন এনএসডিএ-এর নির্বাহী চেয়ারম্যান (সচিব) নাসরীন আফরোজ।

কর্মশালায় বিজ্ঞাপন নির্মাতা, চলচ্চিত্র নির্মাতা, অভিনেতাসহ প্রথিতযশা লেখক, নাট্যকার এবং কনটেন্ট ক্রিয়েটরবৃন্দ তাদের মতামত ও পরামর্শ প্রদান করেন। কর্মশালায় এনএসডিএ-এর প্রচার-প্রচারণা বিষয়ে কিছু সুপারিশমালা গৃহীত হয়। কর্মশালায় এনএসডিএ-এর ঊর্ধতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



কর্মশালায় অংশগ্রহণকারীরা মতামত ব্যক্ত করছেন

কর্মশালায় এনএসডিএ-এর কার্যক্রমের ব্যাপক প্রচার, দক্ষতা বিষয়ে যুবদের আগ্রহী করে তোলা এবং দক্ষতা প্রশিক্ষণ নিয়ে বিরাজমান সামাজিক নেতিবাচক ধারণা দূরীকরণে অংশগ্রহণকারীগণ তাদের মতামত ব্যক্ত করেন। 'সৃজনশীল কন্টেন্ট উদ্ভাবনী কর্মশালায়' উপস্থিত ছিলেন নাট্যকার মাসুম রেজা, অভিনেতা জিয়াউল হাসান কিসলু, সঙ্গীতশিল্পী রাহুল আনন্দ, অভিনেতা ও আবৃত্তি শিল্পী জয়ন্ত চট্টোপাধ্যায়, অভিনেতা ও নির্মাতা মীর সাব্বির, আফসানা মিমি, কথাসাহিত্যিক দীপু মাহমুদ, শাহনাজ মুন্নী, কথা মনি হায়দার, অভিনেতা ও নির্মাতা কাওসার চৌধুরী, নাট্যকর্মী সুজাত শিমুল, শাহাদাৎ হোসেন, নাট্যজন শংকর সাঁওজাল, নাট্যজন ও উন্নয়নকর্মী সেলিনা, অভিনেতা, নাজনীন হাসান চুমকী, শাহনাজ কাকলি, চলচ্চিত্র পরিচালক ও বিজ্ঞাপন নির্মাতা অমিতাভ রেজা, গিয়াসউদ্দিন সেলিম, গাউসুল আলম শাওন, গবেষক সাইমন জাকারিয়া, রতন পাল, জুনায়েদ হালিম, অলোক বসুসহ অনেকে।

### ২.৬.৪ 'জিও-এনজিও যৌথ উদ্যোগে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সংক্রান্ত প্রকল্প প্রক্রিয়াকরণ' কর্মশালা অনুষ্ঠিত

১৩ ডিসেম্বর ২০২৩ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) আয়োজিত 'জিও-এনজিও যৌথ উদ্যোগে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সংক্রান্ত প্রকল্প প্রক্রিয়াকরণ' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। এনএসডিএ সভাকক্ষে অনুষ্ঠিত এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগের সচিব জনাব সত্যজিত কর্মকার। তিনি বলেন, ভবিষ্যৎ বাংলাদেশ বিনির্মাণে ডেমোগ্রাফিক ডিভিডেন্ট কাজে লাগাতে হবে এবং এর জন্য সময়োপযোগী প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল গড়ে তুলতে হবে। তিনি প্রকল্প গ্রহণের ক্ষেত্রে আরও বাস্তবমুখি পদক্ষেপ গ্রহণ করার কথা উল্লেখ করেন।



কর্মশালায় উপস্থিত অতিথিবৃন্দ

অনুষ্ঠানের বিশেষ অতিথি, এনজিও বিষয়ক ব্যুরোর মহাপরিচালক শেখ মোঃ মনিরুজ্জামান বলেন, বাংলাদেশে শহরে ও গ্রামে দিন দিন কাজের সুযোগ বৃদ্ধি পাচ্ছে, সেইসাথে বাড়ছে দক্ষ জনবলের চাহিদা। তিনি বিশ্ববাজারের চাহিদাভিত্তিক প্রশিক্ষণের ওপর গুরুত্বারোপ করেন।

সভাপতির বক্তব্যে এনএসডিএ-এর নির্বাহী চেয়ারম্যান (সচিব) নাসরীন আফরোজ বলেন, বিশ্বমানের প্রশিক্ষিত কর্মী তৈরির লক্ষ্য নিয়ে স্কিলস ইকো সিস্টেম প্রতিষ্ঠায় কাজ করছে এনএসডিএ। তিনি একটি সমন্বিত প্রশিক্ষণ ব্যবস্থার মাধ্যমে যুবসমাজকে জনশক্তিতে রূপান্তরের আশাবাদ ব্যক্ত করেন। স্বাগত বক্তব্য রাখেন এনএসডিএ-এর সদস্য (অতিরিক্ত সচিব) জনাব আলিফ রুদাবা। সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তা, এনজিও প্রতিনিধি, ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিলের (আইএসসি) প্রতিনিধিসহ এনএসডিএ-এর কর্মকর্তাবৃন্দ কর্মশালায় অংশগ্রহণ করেন।

### ২.৬.৩ ‘দক্ষ জনশক্তি; স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দক্ষতা প্রতিষ্ঠানসমূহের ভূমিকা শীর্ষক কর্মশালা

২৭ ডিসেম্বর ২০২৩ এনএসডিএ সভাকক্ষে ‘দক্ষ জনশক্তি; স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দক্ষতা প্রতিষ্ঠানসমূহের ভূমিকা’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় এনএসডিএর নির্বাহী চেয়ারম্যান ও সরকারের সচিব নাসরীন আফরোজ বলেন, আন্তর্জাতিক মানসম্পন্ন দক্ষতা প্রশিক্ষণ প্রদান ও অ্যাসেসমেন্টের জন্য কম্পিটেন্সি বেজড টেইনিং এন্ড অ্যাসেসমেন্ট (সিবিটিএন্ডএ) পদ্ধতিতে প্রশিক্ষণ ও অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিচালনা করা জরুরি। তিনি আরও বলেন, ডেমোগ্রাফিক ডিভিডেন্টের সুবিধা নিয়ে স্মার্ট বাংলাদেশ গড়ে তুলতে সিবিটিএন্ডএ পদ্ধতিতে দক্ষতা প্রশিক্ষণ প্রদান করে দক্ষ জনশক্তি তৈরির বিকল্প নেই।

এনএসডিএ-এর সদস্য ও সরকারের অতিরিক্ত সচিব জনাব কামরুন নাহার সিদ্দীকা বলেন, দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানগুলো (এসটিপি) মাঠ পর্যায়ে এনএসডিএ-এর প্রতিনিধি হিসেবে কাজ করে। সিবিটিএন্ডএ পদ্ধতিতে গুণগত মান বজায় রেখে দক্ষতা প্রশিক্ষণ প্রদান করে এসটিপিসমূহ দক্ষ জনশক্তি গড়ে তুলতে ভূমিকা রাখতে পারে। পাশাপাশি, প্রশিক্ষিতদের জব প্লেসমেন্টের ব্যবস্থা করে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ভূমিকা রাখতে পারে।

কর্মশালায় স্বাগত বক্তব্য প্রদান করেন এনএসডিএ-এর সদস্য ও সরকারের অতিরিক্ত সচিব জনাব আলিফ রুদাবা। মূল প্রবন্ধ উপস্থাপন করেন স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামের পরামর্শক ড. মোঃ নুরুল ইসলাম। এনএসডিএ-এর সার্বিক কার্যক্রমের ওপর প্রবন্ধ উপস্থাপন করেন এনএসডিএ-এর সদস্য ও সরকারের যুগ্মসচিব জনাব মোঃ জোহর আলী। কর্মশালায় এনএসডিএ-এর কর্মকর্তাসহ সরকারি-বেসরকারি বিভিন্ন দপ্তর ও দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

### ২.৬.৪ সুনামগঞ্জে জেলা পরিষদে এনএসডিএ-এর আয়োজনে কর্মশালা অনুষ্ঠিত

২৯ অক্টোবর ২০২৩ সুনামগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ে ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে এনএসডিএ-এর ভূমিকা’ শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন এনএসডিএ-এর পরিচালক (নিবন্ধন) ও উপসচিব জনাব মো. আব্দুর রহমান। কর্মশালায় জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি ২০২২, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্মপরিকল্পনা ও এনএসডিএ-এর কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করা হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন সুনামগঞ্জ জেলার জেলা প্রশাসক জনাব দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী। দিনব্যাপী এ কর্মশালায় জেলা প্রশাসনের কর্মকর্তা, স্থানীয় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, বেসরকারি উন্নয়ন সংস্থা, সাংবাদিক এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন।



সুনামগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠান

### ২.৭ সমঝোতা স্মারক স্বাক্ষর

দক্ষতা প্রশিক্ষণ-সম্পর্কিত ধারণা, কার্যক্রম, বিভিন্ন তথ্য আদানপ্রদান ও এ বিষয়ে দ্বিপাক্ষিক সহযোগিতা জোরদারকরণ এবং বিভিন্ন প্রতিষ্ঠান ও সংশ্লিষ্টদের মধ্যে এনএসডিএ-এর কার্যক্রম তুলে ধরা ইত্যাদি বিষয়ে পাস্পরিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে এনএসডিএ সমঝোতা চুক্তি স্বাক্ষর করে। ২০২৩-২৪ অর্থবছরে নিম্নোক্ত প্রতিষ্ঠানের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

#### ২.৭.১ ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগার বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

৪ জুন ২০২৪ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মধ্যে পৃথক দুটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। শিক্ষার্থীদের পেশাগত ও কারিগরি দক্ষতা বৃদ্ধি, দক্ষতা বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি চালুকরণ, ইন্ডাস্ট্রি-একাডেমিয়া সংযোগ শক্তিশালীকরণ, নিয়মিত কোর্সের পাশাপাশি বিভিন্ন শর্ট কোর্স ও প্রফেশনাল কোর্স পরিচালনা, কোর্স কারিকুলাম তৈরিতে পারস্পরিক সহযোগিতা ও সমন্বয়, জাতীয় ও আন্তর্জাতিক চাকরির বাজার জরিপ, সেক্টরভিত্তিক মানবসম্পদ চাহিদার পর্যালোচনা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়মিত শিক্ষার পাশাপাশি বিভিন্ন অকুপেশনে দক্ষতা প্রশিক্ষণ প্রদান করে দক্ষ করে গড়ে তোলার মাধ্যমে বেকারত্ব হ্রাস ও জীবনমান উন্নয়নের জন্য সংশ্লিষ্ট ক্ষেত্রসমূহে পারস্পরিক সহযোগিতার লক্ষ্যে এ সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়।



ঢাকা ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সমঝোতা স্মারক অনুষ্ঠান

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

#### ২.৭.২ ব্র্যাকের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর

১০ মার্চ ২০২৪ এনএসডিএ সভাকক্ষে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ এবং বেসরকারি উন্নয়ন সংস্থা ব্র্যাক-এর মধ্যে এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ-এর সদস্য (যুগ্মসচিব) মোঃ জোহর আলী এবং ব্র্যাকের স্কিলস ডেভেলপমেন্ট ও মাইগ্রেশনের পরিচালক জনাব শফি রহমান খান নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। এসময়ে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান ও সরকারের সচিব নাসরীন আফরোজ, ব্র্যাক-এর সিনিয়র এডভাইজার ও সরকারের সাবেক সিনিয়র সচিব ড. জাফর আহমেদ খানসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে এনএসডিএ ও ব্র্যাক-এর কর্মকর্তাবৃন্দ

### ২.৭.৩ ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল-এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

১২ মার্চ ২০২৪ এনএসডিএ সভাকক্ষে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ এবং ৬টি ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল (আইএসসি)-এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ-এর সদস্য (যুগ্মসচিব) মোঃ জোহর আলী এবং এগ্রোফুড আইএসসি, ইনফরমাল সেক্টর আইএসসি, সিরামিক আইএসসি, জুট সেক্টর আইএসসি, প্লাস্টিক সেক্টর আইএসসি ও ট্যুরিজম এন্ড হসপিটালিটি আইএসসির প্রতিনিধিবৃন্দ স্ব স্ব আইএসসির সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। এসময়ে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ-এর নির্বাহী চেয়ারম্যান ও সরকারের সচিব নাসরীন আফরোজসহ এনএসডিএ-এর কর্মকর্তাবৃন্দ এবং আইএসসি-এর প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। আইএসসিসমূহের কার্যক্রমকে গতিশীল করা, এনএসডিএ-এর কার্যক্রমে আরও বেশি অংশগ্রহণ এবং দক্ষতা উন্নয়নে গবেষণা পরিচালনাসহ সংশ্লিষ্ট কার্যক্রম জোরদার করার জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ শক্তিশালীকরণ প্রকল্প থেকে ৬টি আইএসসিকে আর্থিক সহায়তা প্রদান করা হয়।





আইএসসি-এর সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর ও চেক হস্তান্তর অনুষ্ঠান

### ২.৭.১ আইসিটি ডিভিশনের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর

২৮ মার্চ ২০২৪ আগারগাঁওস্থ আইসিটি ভবনে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগের মধ্যে এনএসডিএ-এর ন্যাশনাল স্কিলস পোর্টালের পরিচালন কার্যক্রম মূল্যায়ন, পারস্পরিক আইসিটিসংক্রান্ত বিভিন্ন অকুপেশনে দক্ষতা প্রশিক্ষণ প্রদানে কোর্স-কারিকুলাম ও অ্যাসেসমেন্ট টুলস প্রণয়ন এবং সম্ভাব্য ক্ষেত্রসমূহে পারস্পরিক সহযোগিতার লক্ষ্যে এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এ সমঝোতা স্মারক স্বাক্ষরের মধ্য দিয়ে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ ও আইএসসি দক্ষ জনশক্তি ও উদ্যোক্তা তৈরি, দক্ষতা বিষয়ে সামাজিক নেতিবাচক ধারণা দূরীকরণ এবং প্রশিক্ষণ গ্রহণকারীদের কর্মসংস্থানের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নে একসাথে কাজ করবে।




**আইসিটি ডিভিশনের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষও অনুষ্ঠান**

## ২.৭ জাতীয় পর্যায়ে দক্ষতা প্রতিযোগিতা, ২০২৩-এর চূড়ান্ত পর্ব

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) আয়োজিত বঙ্গবন্ধু জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ২০২৩-এর চূড়ান্ত পর্যায়ের প্রতিযোগিতা সম্পন্ন হয়। ০১ ও ০২ ডিসেম্বর ২০২৩ দুই দিনব্যাপী রাজধানী ঢাকায় এনএসডিএ নিবন্ধিত ৬টি দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠানে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিভাগীয় পর্যায়ে নির্বাচিতরা জাতীয় পর্যায়ের এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় প্রত্যেক ট্রেডের ১ম স্থান অধিকারী আগামী ২০২৪ সালে ফ্রান্সে অনুষ্ঠেয় ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশনে অংশ নেবার সুযোগ পাবেন। জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে আনুষ্ঠানিকভাবে পুরস্কার বিতরণ করা হবে।



দক্ষতা প্রতিযোগিতা ২০২৩-এর জাতীয় পর্যায়ের প্রতিযোগিতার অংশবিশেষ

উল্লেখ্য, দেশব্যাপী সুষ্ঠুভাবে প্রতিযোগিতা পরিচালনার জন্য এনএসডিএ-এর নির্বাহী চেয়াম্যানকে সভাপতি করে একটি কেন্দ্রীয় কমিটি, জেলা পর্যায়ে ৬৪ জেলার জেলা প্রশাসকদের সভাপতি করে জেলা কমিটি এবং বিভাগীয় পর্যায়ে ৮টি বিভাগের বিভাগীয় কমিশনারদের সভাপতি করে বিভাগীয় কমিটি গঠন করা হয়। প্রতিযোগীদের ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে টিভি ও সোশ্যাল মিডিয়ায় ব্যাপক প্রচার কার্যক্রম পরিচালনা করা হয়। দেশব্যাপি ৯০৪ জন প্রতিযোগী অন-লাইনে নিবন্ধন সম্পন্ন করেন। জুন ২০২৩-এ দেশের ৬৪ জেলায় প্রাথমিক বাছাই প্রক্রিয়ার মধ্য দিয়ে প্রতিযোগিতা পর্বের কার্যক্রম শুরু হয়। ১৩টি ট্রেডে উক্ত প্রতিযোগীরা জেলা পর্যায়ে অনুষ্ঠিত প্রাথমিক বাছাই পর্বে অংশ নেয় এবং বাছাই শেষে ৪৯৬ জন প্রতিযোগী বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশ নেবার জন্য নির্বাচিত হন। আগস্ট ২০২৩-এ দেশের বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ১২টি ট্রেডে অংশ নিয়ে ৫৯ জন প্রতিযোগী জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের যোগ্যতা অর্জন করেন।

দক্ষতা প্রশিক্ষণ জনপ্রিয় করা এবং দক্ষতা সম্পর্কে নেতিবাচক ধারণা দূর করার লক্ষ্যে প্রতি দুই বছর অন্তর ওয়ার্ল্ড স্কিলস ইন্টারন্যাশনাল কর্তৃক বিশ্ব দক্ষতা প্রতিযোগিতার আয়োজন করা হয়।

## ২.৮ টেলিভিশন কমার্সিয়াল (টিভিসি)/ডকুমেন্টারি/নাটক নির্মাণ ও প্রচার

বাংলাদেশের বর্তমান সামাজিক প্রেক্ষাপটে দক্ষতা প্রশিক্ষণের বিষয়ে নেতিবাচক ধারণা বা সোস্যাল স্টিগমা বিরাজমান। দক্ষতা প্রশিক্ষণ গ্রহণ করে সংশ্লিষ্ট পেশায় চাকরি পাওয়া সহজ হয় এবং বেকারত্ব থেকে মুক্তির পাশাপাশি জীবনমানের পরিবর্তন সম্ভব হয়। সাধারণ শিক্ষা অর্জনের ক্ষেত্রে যেমন স্বীকৃতি পাওয়া যায়; তেমনিভাবে দক্ষতা প্রশিক্ষণ গ্রহণ করে আয়বর্ধক কাজে নিয়োজিত হয়ে সামাজিক মর্যাদা লাভ করা যায়। এ কারণে, দক্ষতার সামাজিক স্বীকৃতি বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। বর্তমান সময়ের প্রচারণার সকল মাধ্যম ব্যবহার করে সরকারি-বেসরকারি, প্রাতিষ্ঠানিক-অপ্রাতিষ্ঠানিক, ব্যক্তি, পারিবারিক ও সামাজিক পর্যায়ে ব্যাপক প্রচারপ্রচারণা, প্রণোদনা প্রদান ও শ্রমের উৎকর্ষের স্বীকৃতি প্রদানের সকল উপায় ও সুযোগ কাজে লাগানোর জন্য জাতীয় পর্যায়ে দক্ষতা প্রতিযোগিতার আয়োজন

এবং আন্তর্জাতিক ও আঞ্চলিক দক্ষতা প্রতিযোগিতায় অংশগ্রহণের মাধ্যমে দক্ষতার সামাজিক স্বীকৃতি বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।




নির্মিত তিন পর্বের নাটক 'দক্ষজনের কথা'




নির্মিত ও প্রচারিত টেলিভিশন কমার্সিয়াল

দক্ষতা প্রশিক্ষণ সম্পর্কে সামাজিক নেতিবাচকতা দূর করে দক্ষতা প্রশিক্ষণকে সাধারণ মানুষের মধ্যে জনপ্রিয় করে তোলার বিষয়ে এনএসডিএ কাজ করছে। ২০২৩-২৪ অর্থবছরে দুইটি টেলিভিশন কমার্শিয়াল (টিভিসি) নির্মাণ করা হয়েছে যা বিটিভি, বিভিন্ন বেসরকারি টিভি চ্যানেলসহ অনলাইন প্লাটফর্মে প্রচারিত হয়েছে। গত অর্থবছরে এনএসডিএ-এর পরিচিতি, কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরে একটি ডকুমেন্টারি নির্মাণ করা হয়েছে। এছাড়া, 'দক্ষজনের কথা' নামে তিন পর্বের একটি নাটক তৈরি করা করা হয়েছে যা বিভিন্ন টিভি চ্যানেলে প্রচারের অপেক্ষায় আছে।

## ২.৯ প্রশিক্ষণ

### ইন-হাউস প্রশিক্ষণ

কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা বাড়ানো ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২০২৩-২৪ অর্থবছরে নিম্নোক্ত বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়:

| ক্র. | প্রশিক্ষণের ধরণ |
|---|---|
| ০১. | তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ |
| ০২. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ |
| ০৩. | অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার প্রশিক্ষণ |
| ০৪. | কর্মচারীদের অফিস ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ |
| ০৫. | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ |
| ০৬. | কর্তৃপক্ষের জনবলের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ |

## ২.১০ জাতীয় মানবসম্পদ উন্নয়ন তহবিল (এনএইচআরডিএফ) থেকে অর্থ বিতরণ

এনএইচআরডিএফ ব্যবহার নীতিমালা, ২০১৯ অনুযায়ী ১২ ধরণের প্রতিষ্ঠান/কার্যক্রম যেমন সরকারি/বেসরকারি দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান, শিল্প দক্ষতা পরিষদ, শিল্প সংগঠন, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত এনজিও, অনুমোদিত সেন্টার অফ এক্সিলেন্স, দক্ষতা উন্নয়নের সাথে সম্পর্কিত গবেষণা ও উদ্ভাবন কাজে সম্পৃক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান, পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদান কার্যক্রমের সাথে সম্পৃক্ত দক্ষতা প্রদানকারী প্রতিষ্ঠান/শিল্পপ্রতিষ্ঠান, শিক্ষানবিশি (অ্যাপ্রেন্টিসশিপ) কার্যক্রমে সম্পৃক্ত শিল্প দক্ষতা পরিষদ ও শিল্প সমিতি/শিল্পসমূহ, আন্তর্জাতিকভাবে স্বনামধন্য সনদায়ন প্রতিষ্ঠান, দক্ষতা কাজে সম্পৃক্ত ব্যক্তি এ তহবিল হতে অর্থ বরাদ্দ প্রাপ্তির জন্য আবেদন করতে পারে।

প্রথমবারের মতো শুধু দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানগুলোকে এ তহবিল হতে অর্থ সহায়তা প্রদানের জন্য এনএসডিএ কর্তৃক গত ২ এপ্রিল ২০২৩ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে ২৫৮টি আবেদন জমা পড়ে। আবেদনসমূহ ধাপে ধাপে যাচাইবাছাই করে এনএইচআরডিএফ দপ্তরে প্রেরণ করা হয়। যাচাইবাছাই সম্পন্ন করে ইতোমধ্যে ২৭টি প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষরের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। দেশের বিপুলসংখ্যক জনগোষ্ঠীকে শিক্ষা ও কর্মমুখী প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনসম্পদে পরিণত করা এবং দেশ ও বিদেশের বাজারের ক্রমবর্ধমান চাহিদা অনুযায়ী দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে প্রয়োজনীয় ক্ষেত্রে আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে সরকার জাতীয় মানবসম্পদ উন্নয়ন তহবিল (এনএইচআরডিএফ) গঠন করেছে।

## ২.১১ বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা, ২০২৪

বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা ২০২৪ সালের সেপ্টেম্বর মাসে ফ্রান্সের লিও শহরে অনুষ্ঠিত হবে। বাংলাদেশ এ প্রতিযোগিতায় ৭টি টেডে অংশগ্রহণ করবে। জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে প্রতিযোগিতার মাধ্যমে এ প্রতিযোগিতার ৯টি ট্রেডে ৮ জন প্রতিযোগী চূড়ান্তভাবে নির্বাচন করা হয়। অংশগ্রহণকারীগণ হলেন:

| ক্রমিক | প্রতিযোগীর নাম | ট্রেড |
|---|---|---|
| ১ | মোহাম্মদ তাসদির আহম্মেদ ও রাসেল ভুঞা | সাইবার সিকিউরিটি |
| ২ | নাজমুল হক নকিব, | ওয়েব টেকনোলজিস |
| ৩ | রাহাত শিকদার | কুকিং |
| ৪ | মোঃ সোহেল রানা | ওয়েল্ডিং |
| ৫ | জাহিদুল ইসলাম | ফ্যাশন টেকনোলজি |
| ৬ | মারিয়াম | পেইন্টিং এন্ড ডেকোরেটিং |
| ৭ | মোঃ আতিকুর রহমান | বেকারি |




বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা, ২০২৪-এর গ্রুমিং

উল্লেখ্য, ওয়ার্ল্ড স্কিলস ইন্টারন্যাশনাল প্রতি দুই বছর অন্তর বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা আয়োজন করে থাকে। বাংলাদেশসহ ৮৪টি দেশ ওয়ার্ল্ড স্কিলস ইন্টারন্যাশনালের সদস্য। বাংলাদেশ প্রথমবারের মতো রাশিয়ার কাজানে অনুষ্ঠিত বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা, ২০১৯-এ পেটিসরি এন্ড কনফেকশনারি ও ফ্যাশন টেকনোলজি অকুপেশনে অংশগ্রহণ করে। কোভিড-১৯ এর কারণে ২০২১ সালের ৪৬তম বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা ২০২২ সালের অক্টোবর মাসে চীনের সাংহাইয়ে অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও তা কোভিড পরিস্থিতির কারণে সংক্ষিপ্ত পরিসরে এ প্রতিযোগিতা ২০২২-এ ১৫টি দেশে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ সুইজারল্যান্ডে অনুষ্ঠিত কুকিং ও ব্যাকারি অকুপেশনে এবং ফিনল্যান্ডে অনুষ্ঠিত ফ্যাশন টেকনোলজি অকুপেশনে অংশগ্রহণ করে। বাংলাদেশের প্রতিযোগী মোঃ সাব্বির হোসেন হৃদয় বেকারি অকুপেশনে অষ্টম স্থান অধিকার করেন।

## ৩.০ পরিকল্পনা ও দক্ষতামান উইং-এর কার্যক্রমের অগ্রগতি

স্থানীয় ও বৈদেশিক জনশক্তির চাহিদার আলোকে নতুন দক্ষতামান বা কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড (CS) তৈরি, কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট (CAD), পাঠ্যক্রম ও কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়াল (CBLM) তৈরি, ভেলিডেশন ও অনুমোদন এবং শিল্প দক্ষতা পরিষদ (আইএসসি) গঠন ও যোগাযোগ রক্ষা, পাঠ্যক্রম প্রণয়নে আইএসসি এবং অংশীজনদের প্রতিনিধি অন্তর্ভুক্তকরণ ইত্যাদি 'পরিকল্পনা ও দক্ষতামান উইং'-এর অন্যতম প্রধান কাজ। ২০২৩-২৪ অর্থবছরে এ উইং-এর কার্যক্রমের অগ্রগতি নিম্নে উপস্থাপন করা হলো:

### ৩.১ শিল্প দক্ষতা পরিষদ গঠন

দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও এনএসডিএ-এর মধ্যে যোগাযোগ রক্ষা, দক্ষতার চাহিদা ও সরবরাহ বিষয়ে গবেষণা, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর সাথে শ্রমবাজারে বিদ্যমান চাহিদার সমন্বয় সাধন, শ্রমবাজারের চাহিদার পরিপ্রেক্ষিতে অভিন্ন পাঠ্যক্রম প্রস্তুত করা, শ্রমবাজারের চাহিদার পূর্বাভাস প্রদান, শিল্পে সংযুক্তি ও শিক্ষানবিশ নিয়োগে সহযোগিতা করা, উপযুক্ত বিশেষজ্ঞদের দ্বারা প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর প্রশিক্ষকদের সক্ষমতা বৃদ্ধি করা এবং যোগ্য ও প্রত্যায়িত অ্যাসেসর দ্বারা এ্যাসেসমেন্ট প্রক্রিয়া সম্পন্ন করার কার্যক্রমে সহায়তা উদ্দেশ্যে আইএসসি গঠন করা হয়। এ পর্যন্ত নিম্নোক্ত ১৬টি শিল্প দক্ষতা পরিষদ গঠন (আইএসসি) করা হয়েছে:

১) কনস্ট্রাকশন আইএসসি, ২) লেদার আইএসসি, ৩) ট্যুরিজম এন্ড হসপিটালিটি আইএসসি, ৪) আইসিটি আইএসসি, ৫) ফার্মাসিটিক্যাল আইএসসি, ৬) আরএমজি এন্ড টেক্সটাইল আইএসসি, ৭) সিরামিক আইএসসি, ৮) লাইট ইঞ্জিনিয়ারিং আইএসসি, ৯) এগ্রোফুড আইএসসি, ১০) ফার্নিচার আইএসসি, ১১) ইনফর্মাল সেক্টর আইএসসি, ১২) ক্রিয়েটিভ মিডিয়া আইএসসি, ১৩) জুট সেক্টর আইএসসি, ১৪) এগ্রিকালচার আইএসসি, ১৫) লজিস্টিকস সেক্টর আইএসসি, ১৬) ট্রান্সপোর্ট সেক্টর আইএসসি

২০২৩-২৪ অর্থবছরে আইএসসি-সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি:

| বিষয় | কার্যক্রম |
|---|---|
| আইএসসি গঠন | ১। প্লাস্টিক সেক্টর আইএসসি:<br>○ ১৪ আগস্ট, ২০২৩ তারিখে রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিস এন্ড ফার্মস বাংলাদেশ কর্তৃক প্লাস্টিক শিল্প দক্ষতা পরিষদ (Plastic ISC) কোম্পানি আইন ১৯৯৪ অনুযায়ী 'সার্টিফিকেট অব ইনকরপোরেশন' (Certificate of incorporation)পেয়েছে।<br>○ প্লাস্টিক আইএসসির লাইসেন্স ও নিবন্ধন (১৪ আগস্ট ২০২৩ তারিখে) সম্পন্ন হয়েছে। নিবন্ধন নং- CA-190311/2023<br>২। এগ্রিকালচার আইএসসি:<br>○ ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখে এগ্রিকালচার আইএসসির লাইসেন্স ও নিবন্ধন সম্পন্ন হয়েছে। নিবন্ধন নং- CA-191110/2023 |
| আইএসসি-সংক্রান্ত অন্যান্য কার্যক্রম | ১। লজিস্টিক আইএসসি:<br>○ বাণিজ্য ও বিনিয়োগ সক্ষমতা বৃদ্ধি, দক্ষ পণ্য পরিবহন ও সেবা নিশ্চিতকল্পে সরকার "জাতীয় লজিস্টিক উন্নয়ন ও সমন্বয় কমিটি" গঠন করেছে।<br>○ লজিস্টিক আইএসসি-এর নেম ক্লিয়ারেন্স-এর জন্য বাণিজ্য মন্ত্রণালয়ে লজিস্টিক আইএসসি বিষয়ে শুনানির ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| মেয়াদোত্তীর্ণ আইএসসিসমূহের বোর্ড অব ডিরেক্টরস হালনাগাদকরণ | ○ ১৩ মার্চ ২০২৪ যেসকল শিল্প দক্ষতা পরিষদ (আইএসসি)-এর আর্টিকেল অব অ্যাসোসিয়েশন অনুযায়ী পরিচালনা পর্ষদের দুই (০২) বছর মেয়াদকাল ইতোমধ্যে শেষ হয়েছে, সেসকল আইএসসি-এর বোর্ড অব ডিরেক্টরস দ্রুততম সময়ের মধ্যে হালনাগাদকরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। |

| | |
|---|---|
| আইএসসিদের সাথে সভা | ○ ৮ মে ২০২৪ সিরামিক আইএসসি'র সাথে সভা অনুষ্ঠিত হয়েছে।<br>○ ২৮ মে ২০২৪ তারিখে ফার্নিচার আইএসসি'র সাথে সভা অনুষ্ঠিত হয়েছে। |
| আইএসসির বিজনেস প্ল্যান | ○ ইনফরমাল সেক্টর আইএসসি, কনস্টাকশন আইএসসি, সিরামিক আইএসসি, লাইট ইঞ্জিনিয়ারিং, ট্যুরিজম এন্ড হসপিটালিটি আইএসসি, আরএমজি এন্ড টেক্সটাইল আইএসসি, এগ্রোফুড আইএসসি, আইসিটি আইএসসি, জুট সেক্টর আইএসসি এবং প্লাস্টিকস আইএসসি -এই ১০ (দশ) টি আইএসসি হতে বিজনেস প্ল্যান পাওয়া গেছে। এনএইচআরডিএফ হতে অর্থায়নের নিমিত্ত বিজনেস প্ল্যানের সামারি প্রণয়নপূর্বক বিজনেস প্ল্যানসমূহ প্রশাসন ও অর্থ উইং-এ প্রেরণ করা হয়েছে। |
| ASSET প্রকল্প হতে আইএসসির জন্য সহযোগিতা | ○ ১৯ মার্চ ২০২৪ ASSET প্রকল্পের আওতায় Equipment এবং Facilities ক্রয়ের মাধ্যমে শিল্প দক্ষতা পরিষদ (আইএসসি)সমূহ শক্তিশালীকরণের নিমিত্ত Activity-Wise Cost Breakdown প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়।<br>○ ASSET প্রকল্পের আওতায় লজিস্টিক ও প্লাস্টিক সেক্টরের স্কিলস ডিমান্ড সম্পর্কিত গবেষণা পরিচালনার নিমিত্ত প্রস্তুতকৃত ToR বিষয়ে গত ১৯ মার্চ ২০২৪ তারিখে লজিস্টিক আইএসসি'র প্রতিনিধিদের সাথে এবং গত ২৪ মার্চ ২০২৪ তারিখে প্লাস্টিকস আইএসসি'র প্রতিনিধিদের সাথে সভা আয়োজন করা হয়। |
| শিল্প দক্ষতা পরিষদের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ও অন্যান্য | ○ ০৮ জুলাই ২০২৩ লজিস্টিক শিল্প দক্ষতা পরিষদের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (Time Bound Action Plan on Logistics Skill Development Subcommittee) প্রস্তুত করা হয়েছে।<br>○ ১০ অক্টোবর ২০২৩ নির্বাহী চেয়ারম্যান (সচিব) মহোদয়ের সভাপতিত্বে লজিস্টিক সেক্টরের প্রাতিষ্ঠানিক ও দক্ষতা উন্নয়ন বিষয়ে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও সরকারি-বেসরকারি সংস্থার সাথে সভা আয়োজিত হয়েছে।<br>○ ১২ অক্টোবর ২০২৩ বাংলাদেশ পর্যটন কর্পোরেশন-এর শৈলপ্রপাত হলরুমে 'Exploring Institutional Capacity and Skills Requirement of Logistics Sector: Stakeholder Consultation' শীর্ষক কর্মশালার আয়োজন করা হয়েছে।<br>○ ১৫ জানুয়ারি ২০২৪ ADB কর্তৃক প্রেরিত Potential Support Areas for Logistics Sector Development in Bangladesh পর্যালোচনাপূর্বক মতামত প্রেরণ করা হয়েছে।<br>○ ২ জুন ২০২৪ ASSET প্রকল্পের জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) সংশ্লিষ্ট অংশে Equipment এবং Facilities ক্রয়ের মাধ্যমে শিল্প দক্ষতা পরিষদ (আইএসসি)সমূহ শক্তিশালীকরণের নিমিত্ত ASSET প্রকল্পে পত্র প্রেরণ করা হয়েছে। |

### ৩.২ দক্ষতামান ও পাঠ্যক্রম সংক্রান্ত কার্যক্রম

পরিকল্পনা ও দক্ষতামান উইং-এর 'দক্ষতামান ও পাঠ্যক্রম অধিশাখা' নিম্নোক্ত কার্যক্রম সম্পাদন করে থাকে:

১. আইএসসির সাথে আলোচনাক্রমে শিল্পের চাহিদা অনুযায়ী দক্ষতামান নির্ধারণের জন্য অগ্রাধিকারমূলক পেশা চিহ্নিতকরণ;

২. আইএসসি ও শিল্পের প্রয়োজন এবং বৈদেশিক জনশক্তির চাহিদা অনুযায়ী লেভেলভিত্তিক বিভিন্ন অকুপেশনের দক্ষতামান, পাঠ্যক্রম, কোর্স স্বীকৃতির ডকুমেন্ট (ক্যাড), কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়াল (সিবিএলএম) ইত্যাদি প্রণয়ন;

৩. অংশীজনদের নিয়ে কনসালটেশন কর্মশালায় প্রণীত দক্ষতামান ভ্যালিডেশনের মাধ্যমে চূড়ান্তকরণ;

৪. চূড়ান্ত দক্ষতামানের অনুমোদন গ্রহণ ও জারি;

৫. স্থানীয় ও বৈদেশিক জনশক্তির চাহিদার আলোকে নতুন দক্ষতামান তৈরি;

৬. পাঠ্যক্রম প্রণয়নে আইএসসি এবং অংশীজনদের প্রতিনিধি অন্তর্ভুক্তকরণ;

৭. জাতীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের মান অনুযায়ী পাঠ্যক্রম প্রণয়নের রূপরেখা তৈরি ও অনুমোদন গ্রহণ; ও

৮. প্রণীত চূড়ান্ত ডকুমেন্টসমূহ কর্তৃপক্ষের ওয়বসাইটে আপলোড এবং ডকুমেন্টেশন সেলে প্রেরণ।

## ৩.৩ কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড (CS) ও কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট (CAD) প্রণয়ন, ভ্যালিডেশন ও অনুমোদন

দেশীয় ও আন্তর্জাতিক বাজারের চাহিদা অনুযায়ী দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য অভিন্ন প্রশিক্ষণ পাঠ্যক্রম বা কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড (CS), কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট (CAD) ও সিবিএলএম প্রণয়ন করা জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের অন্যতম কাজ। দক্ষতা প্রশিক্ষণের মান উন্নয়নে পেশার আদর্শমান অনুযায়ী অবকাঠামো উন্নয়ন, প্রশিক্ষকের মান উন্নয়ন, অ্যাসেসরের মান উন্নয়ন এবং প্রশিক্ষণ প্রদানের জন্য ল্যাব বা ওয়ার্কশপের আদর্শমান নির্ধারণ, ল্যাব ও ওয়ার্কশপের যন্ত্রপাতি ও সরঞ্জামের মান নির্ধারণ এবং প্রতিষ্ঠানভিত্তিক মান উন্নয়নে কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট প্রণয়ন করা হয়।

শ্রমবাজারের চাহিদা অনুযায়ী অকুপেশন নির্ধারণ করে প্রাথমিকভাবে কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড প্রস্তুত করা হয়। প্রস্তুতকৃত সিএস চূড়ান্তভাবে প্রণয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট অকুপেশনের বিশেষজ্ঞ, শিল্পের প্রতিনিধি, একাডেমিয়া হতে প্রতিনিধিদের উপস্থিতিতে কর্মশালার মাধ্যমে তা প্রণয়ন করা হয়। চূড়ান্তভাবে প্রণয়নকৃত সিএস ও সিএডি ভেলিডেশনের লক্ষ্যে সংশ্লিষ্ট আইএসসি-এর চেয়ারম্যানের সভাপতিত্বে ভেলিডেশন কর্মশালার আয়োজন করা হয়। ভেলিডেশন কর্মশালায় সংশ্লিষ্ট অকুপেশনের বিশেষজ্ঞ, শিল্পের প্রতিনিধি, একাডেমিয়া এবং আইএসসি-এর প্রতিনিধিদের মতামতের ভিত্তিতে সিএস এবং সিএডি ভেলিডেট ও অনুমোদন করা হয়।

ভেলিডেশন কর্মশালায় ভ্যালিডেশনকৃত সিএস, সিএডি, পাঠ্যক্রম (সিবিসি), সক্ষমতাভিত্তিক লার্নিং মেটেরিয়ালস (সিবিএলএম) কর্তৃপক্ষের সভার অনুমোদন গ্রহণ করা হয়। কর্তৃপক্ষের সভার সিদ্ধান্ত অনুযায়ী অনুমোদিত সিএস/সিএডি মুখ্য সচিবের সভাপতিত্বে কর্তৃপক্ষের কার্যনির্বাহী কমিটির সভায় অনুমোদিত হয়। ২০২৩-২০২৪ অর্থ বছরে ৬১টি কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট প্রণয়ন করা হয় (পরিশিষ্ট-১)।



ভ্যালিডেশন কর্মশালা

## ৩.৪ কারিকুলাম প্রণয়ন (Competency Based Curriculum: CBC)

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮-এর ধারা ৬-এ কারিকুলাম প্রণয়নের কথা বলা হয়েছে। দেশীয় ও আন্তর্জাতিক বাজারের জন্য দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে সরকারি ও বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের জন্য প্রধান কর্মকৃতি নির্দেশক (Key Performance Indicator), অভিন্ন প্রশিক্ষণ পাঠ্যক্রম প্রণয়ন এবং এসবের বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রম সমন্বয়, পরিবীক্ষণ ও মূল্যায়ন করা এনএসডিএ-এর অন্যতম প্রধান দায়িত্ব। কারিকুলাম প্রণয়নের ফলে প্রতিটি ইউনিটের আউটকাম কী তা জানা যায়। তাছাড়া, কারিকুলাম থেকে সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ সামগ্রী (সিবিএলএম) প্রণয়নের ক্ষেত্রে নির্দেশনা পাওয়া যায়। তবে কারিকুলাম ছাড়াও শুধুমাত্র স্ট্যান্ডার্ড প্রণয়ন করে প্রশিক্ষণ পরিচালনা করা সম্ভব। ২০২৩-২৪ অর্থবছরে ৩৫টি কারিকুলাম প্রণিত হয় (পরিশিষ্ট-২)।

## ৩.৫ সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ সামগ্রী (সিবিএলএম) প্রণয়ন

প্রশিক্ষণার্থী প্রশিক্ষণলব্ধ জ্ঞান কর্মপরিবেশে যথাযথভাবে প্রয়োগ করে নির্ধারিত কাজটি নির্ধারিত সময়ে সম্পন্ন করে শ্রমবাজারের চাহিদা পূরণ এবং নিয়োগকারী কতৃপক্ষের সন্তুষ্টি অর্জন করতে পারে। এক্ষেত্রে প্রশিক্ষণ পাঠ্যক্রম প্রণয়নে কার্য, প্রযুক্তির স্তর, কর্ম পরিবেশ এবং কর্মীর সামর্থ্য বিশ্লেষণের মাধ্যমে প্রণীত প্রশিক্ষণ সামগ্রীই একজন কর্মীর সত্যিকারের

সক্ষমতা বা পারদর্শিতা প্রমাণের প্রমাণক হিসেবে বিবেচিত হয়। বর্তমানে দেশের বিভিন্ন প্রতিষ্ঠান থেকে সনদপ্রাপ্ত স্নাতকধারীগণ শিল্পের চাহিদা পূরণে অনেকাংশে সক্ষম হচ্ছে না। অন্যদিকে অনেকে স্নাতক সমপন্ন করেও চাকরি না পেয়ে বেকার জীবনযাপন করছে। এই অবস্থা থেকে বেরিয়ে আসার লক্ষ্যে সরকার জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিতে সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ ও মূল্যায়ন অন্তর্ভুক্ত করেছে।

সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ ও মূল্যায়ন পদ্ধতিতে প্রশিক্ষণের প্রতিটি স্তরে শিল্প প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্ত করা হয়। এই প্রক্রিয়ায় পেশার কার্য পর্যালোচনা করে শিল্প প্রতিষ্ঠানের চাহিদার নিরিখে অকুপেশনাল স্ট্যান্ডার্ড প্রণয়ন করা হয়। সংশ্লিষ্ট শিল্প দক্ষতা পরিষদের চেয়ারম্যানের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় সংশ্লিষ্ট অকুপেশনে বিশেষজ্ঞদের মতামতের ভিত্তিতে স্ট্যান্ডার্ডটি চূড়ান্ত করা হয়। অনুরূপভাবে শিল্প প্রতিষ্ঠানের অন্তর্ভুক্তির মাধ্যমে প্রশিক্ষণার্থীদের জন্য কারিকুলাম ও Competency Based Learning Materials (CBLM) তৈরি করা হয়। এটি প্রশিক্ষণার্থীদের সহজেই জ্ঞান ও দক্ষতা অর্জনে সহায়ক ভূমিকা পালন করে। এনএসডিএ থেকে ২০২৩-২৪ অর্থবছরে প্রণীত সিবিএলএম-এর সংখ্যা ১৫১টি (পরিশিষ্ট-৩)।

### ৩.৬ পাস্পরিক স্বীকৃতি চুক্তি (এমআরএ)

বর্তমান ও ভবিষ্যতের চাহিদাসম্পন্ন পেশায় দক্ষ জনবল জাতীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারে সরবরাহ এবং এনএসডিএ-এর দক্ষতা সনদের যথাযথ মূল্যায়নের নিমিত্ত বিভন্ন দেশ ও প্রতিষ্ঠানের সঙ্গে পারস্পরিক স্বীকৃতি চুক্তি (এমআরএ) সম্পাদনের কার্যক্রম চলমান আছে। জাতীয় দক্ষতা উন্নয় কর্তৃপক্ষ আইন, ২০১৮-এর ধারা ৬ এবং জাতীয় দক্ষতা উন্নয় কর্তৃপক্ষ বিধিমালা, ২০২০ এর বিধি ১৩ অনুযায় কর্তৃপক্ষ অন্যান্য দেশ ও আঞ্চলিক জোটের যোগ্যতা কাঠামোর সাথে সামঞ্জস্য রেখে সনদ প্রদান এবং অন্যান্য দেশ কর্তৃক প্রদত্ত সমজাতীয় সনদের পারস্পারিক স্বীকৃতির উদ্দেশ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশি দূতাবাস এবং বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ বা সংস্থার সহযোগিতা গ্রহণ করতে পারবে। পারস্পরিক স্বীকৃতি-প্রদান চুক্তি (এমআরএ) বাস্তবায়নের ক্ষেত্রে পররাষ্ট্র মন্ত্রণালয় বাংলাদেশি জনশক্তির দক্ষতাকে অন্য রাষ্ট্রে স্বীকৃতি প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বিদেশে বাংলাদেশিদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও নতুন শ্রমবাজারের তথ্য হালনাগাদকরণের পাশাপাশি প্রবাসী বাংলাদেশিদের স্বার্থ সংরক্ষণ, দ্বিপক্ষীয় ও আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে এনএসডিএ কার্যক্রম অব্যাহত রেখেছে। ইতোমধ্যে এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রলণালয়সহ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সমন্বয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয় এ বিষয়ে একটি অনলাইন সভার আয়োজন করেছে। এছাড়া, ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া ও বাংলাদেশের মধ্যে চুক্তি স্বাক্ষরের নিমিত্ত এনএসডিএ-এর কার্যালয়ে ওয়েস্টার্ন অস্ট্রেলিয়ার প্রতিনিধিদের সঙ্গে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

### ৩.৭ পরিকল্পনা ও শিল্পসংযোগ অধিশাখার ২০২৩-২৪ অর্থবছরের অন্যান্য কার্যক্রমের অগ্রগতি

| বিষয় | কার্যক্রম |
|---|---|
| এনএসপি-এর মডিউল বিষয়ক | ○ গত ০৩ জানুয়ারি ২০২৪ এনএসপি'তে প্রস্তুতকৃত আইএসসি মডিউল-এর ইউজার এক্সেপ্ট্যান্স টেস্ট বিষয়ক সভায় অংশগ্রহণ করে প্রয়োজনীয় সংশোধন/মডিফিকেশনের জন্য মতামত প্রদান করা হয়েছে।<br>○ গত ১০ মার্চ ২০২৪ ন্যাশনাল স্কিলস পোর্টাল (এনএসপি)-এর রিসার্চ এন্ড স্টাডিজ মডিউলের SRS ডকুমেন্টের উপর মতামত নিবন্ধন ও সনদায়ন উইং-এ প্রেরণ করা হয়েছে।<br>○ গত ২৯ এপ্রিল ২০২৪ তারিখে ন্যাশনাল স্কিলস পোর্টাল (এনএসপি)-এর রিসার্চ এন্ড স্টাডিজ মডিউলের ওপর অনুষ্ঠিত সভায় মতামত প্রদান করা হয়েছে। |
| বিভিন্ন মন্ত্রণালয়/ সংস্থার সাথে সভা/সমন্বয়/ মতামত প্রদান সংক্রান্ত | ○ গত ১২ জুলাই ২০২৩ মালয়েশিয়ায় অবস্থিত বাংলাদেশ হাইকমিশনের সাথে প্রবাসী শ্রমিকদের দক্ষতা উন্নয়ন (Preparatory Meeting prior to engagement with Malaysian Qualification Agency) সংক্রান্ত সভা করা হয়েছে।<br>○ গত ১২ জুলাই ২০২৩ সদস্য (পরিকল্পনা ও দক্ষতামান)-এর সভাপতিত্বে GIZ-এর অর্থায়নে Advanced Vocational Training and Promotion of Employment for Female Textile Workers (ADVANTAGE) প্রকল্পের অ্যাপ্রেইজাল মিশনের Agreed Minutes প্রস্তুতকল্পে সভা করা হয়েছে। |

| | |
|---|---|
| | ○ গত ১৩ জুলাই ২০২৩ নির্বাহী চেয়ারম্যান (সচিব)-এর সভাপতিত্বে ওয়ার্ল্ড ব্যাংকের প্রতিনিধিগণ এবং যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তাদের সাথে গ্রামীণ পর্যায়ে যুবদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রকল্প গ্রহণ সংক্রান্ত সভা অনুষ্ঠান করা হয়েছে।<br>○ গত ১৮ জুলাই ২০২৩ ইইউ-বাংলাদেশ ট্যালেন্ট পার্টনারশিপ ফলোআপ টেকনিক্যাল মিটিং অনুষ্ঠিত হয়েছে। সভায় উভয়পক্ষ কর্তৃক নির্বাচিত অগ্রাধিকারমূলক পেশাসমূহের বিষয়ে সম্মত হওয়া, নির্বাচিত পেশাগুলোর Competency Standards বিষয়ক আলোচনা, সম্ভাব্য প্রশিক্ষণ ইনস্টিটিউট নির্ণয়, দক্ষতা প্রত্যয়নের সম্ভাব্য উপায়, ভাষা শিক্ষার আয়োজন ইত্যাদি বিষয়ে আলোচনা হয়।<br>○ ০২ আগস্ট, ২০২৩ ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংকের সাথে প্রকল্প গ্রহণ-সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। ০৬টি প্রকল্প প্রস্তাব প্রস্তুত করে ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক বরাবর প্রেরণ করা হয়েছে।<br>○ ১৪ আগস্ট, ২০২৩ আইএলও-এর সাথে Progress প্রকল্প নিয়ে আলোচনা হয়েছে। আলোচনায় জেন্ডার ইনক্লুসিভনেস এবং সম্প্রতি জেনেভা প্রোগ্রামের বিষয়ে এনএসডিএ এবং অন্যান্য অংশীদারদের অবহিত করতে এনএসডিএ-এর সাপোর্ট এবং ভবিষ্যতে এনএসডিএ-এর উদ্যোগে একটি ওয়ার্কশপ আয়োজনের বিষয়ে আলোচনা হয়।<br>○ ১৪ আগস্ট, ২০২৩ একসেস টু ইনফরমেশন এবং আইসিটি বিভাগের তত্ত্বাবধানে 'মুক্তপাঠ' প্রকল্প সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। সভায় একই প্ল্যাটফর্ম থেকে প্রাতিষ্ঠানিক ও অন্যান্য অনলাইন ক্লাসে অংশগ্রহণের সুযোগের মাধ্যমে অধিক প্রশিক্ষিত জনগোষ্ঠী গড়ে তোলার বিষয়ে আলোচনা হয়। এছাড়াও ব্লেন্ডেড পদ্ধতিতে ট্রেনিং-এ অংশগ্রহণের সুবিধা নিয়ে আলোচনা করা হয়। উক্ত সভায় Western Australia নিয়ে সংক্ষিপ্ত পরিসরে আলোচনা হয়।<br>○ ১৪ আগস্ট, ২০২৩ IOM (International Organisation for Migration)-এর সাথে সভা অনুষ্ঠিত হয়। সংস্থাটি মাইগ্রেশনের উপরে একটি প্রেজেন্টেশন উপস্থাপন করে।<br>○ ১৭ আগস্ট ৩০২৩ জিআইজেড এর সাথে ADVANTAGE প্রকল্প গ্রহণ সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। উক্ত প্রকল্পের মেয়াদ, দেশীয় কনসালটেন্ট/এক্সপার্ট নিয়োগ, প্রকল্পে নারী গার্মেন্টস কর্মীসহ অন্যান্য পেশার নারীদের অন্তর্ভুক্ত করার বিষয়সহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়।<br>○ ২৩ আগস্ট ২০২৩ সদস্য (পরিকল্পনা ও দক্ষতামান)-এর সভাপতিত্বে UNDP-এর প্রতিনিধি দলের সাথে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় UNDP-এর সাথে স্বাক্ষরিত MoU-তে পারস্পরিক সহযোগিতার ক্ষেত্রসমূহ আরো সুনির্দিষ্ট করা এবং একটি ধারণাপত্র সংযোজিত করার বিষয়ে আলোচনা হয়।<br>○ ৩০ আগস্ট ২০২৩ সদস্য (পরিকল্পনা ও দক্ষতামান)-এর সভাপতিত্বে ওয়েস্টার্ন অস্ট্রেলিয়ার প্রতিনিধিদের সাথে জুম প্ল্যাটফর্মে একটি সভা আয়োজন করা হয়েছে। সভায় দক্ষতা উন্নয়নে ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া ও বাংলাদেশের মধ্যে সম্ভাব্য পারস্পরিক সহযোগিতার বিষয়ে আলোচনা হয়।<br>○ ৩১ আগস্ট ২০২৩ তারিখে সদস্য (পরিকল্পনা ও দক্ষতামান) মহোদয়ের সভাপতিত্বে GIZ Bangladesh-এর প্রতিনিধিদের সাথে Gender Equality বিষয়ে জুম প্ল্যাটফর্মে একটি সভা অনুষ্ঠিত হয়।<br>○ ১০ সেপ্টেম্বর ২০২৩ তারিখে সদস্য (পরিকল্পনা ও দক্ষতামান)-এর সভাপতিত্বে চাহিদাভিত্তিক অকুপেশনে দক্ষ মানবসম্পদ অভিবাসী গন্তব্য দেশে প্রেরণ প্রসঙ্গে পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং কতিপয় STP-সমূহের সাথে জুম প্ল্যাটফর্মে একটি সভা আয়োজন করা হয়।<br>○ ১৪ সেপ্টেম্বর ২০২৩ সদস্য (পরিকল্পনা ও দক্ষতামান)-এর সভাপতিত্বে ওয়েস্টার্ন অস্ট্রেলিয়ার প্রতিনিধিদের সাথে এনএসডিএ-এর সভাকক্ষে একটি সভা আয়োজন করা হয়। সভায় দক্ষতা উন্নয়নে ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া ও বাংলাদেশের মধ্যে সম্ভাব্য পারস্পরিক সহযোগিতার নিমিত্ত |

| | |
|---|---|
| | লেটার অব ইন্টেন্ট স্বাক্ষরপূর্বক দুই পক্ষেই টেকনিক্যাল কমিটি গঠনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>○ ২৫/১০/২০২৩ "Proposal: Bangladesh-Support to Development and Piloting of Government Training Program for Caregivers and Daycare Managers" বিষয়ে World Bank Bangladesh Team-কে মতামত প্রেরণ করা হয়েছে।<br>○ ২৮ নভেম্বর ২০২৩ দোহা প্ল্যান অব অ্যাকশনে এনএসডিএ'র এখতিয়ারভুক্ত ফোকাস এরিয়া, মূল এ্যাকশন এরিয়া, টার্গেগসমূহ উল্লেখপূর্বক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ অধিশাখায় প্রেরণ করা হয়েছে।<br>○ ০২ জানুয়ারি ২০২৪ কানাডায় কেয়ার গিভার/ পার্সোনাল সাপোর্ট ওয়ার্কার প্রেরণের জন্য প্রশিক্ষণের নিমিত্ত প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম প্রেরণ প্রসঙ্গে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>○ ১৩ জানুয়ারি ২০২৪ কানাডাস্থ হাই-কমিশন এবং NACC-এর সাথে জুম প্ল্যাটফর্মে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।<br>○ ৩১ জানুয়ারি ২০২৪ GIZ-এর ৮.০ মিলিয়ন ইউরো কারিগরি সহায়তায় 'Vocational training and employment promotion for women workers in Bangladesh' (ADVANTAGE) প্রকল্পটির Project Document চূড়ান্তকরণের নিমিত্ত একটি সভা অনুষ্ঠিত হয়েছে।<br>○ ১ ফেব্রুয়ারি ২০২৪ JICA Bangladesh-এর প্রতিনিধিবৃন্দের সাথে একটি সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভায় JICA Bangladesh-এর প্রতিনিধিবৃন্দ জানান, "Japan Overseas Cooperation Volunteers (JOCV)" শীর্ষক প্রোগ্রামের আওতায় জাপানিজ ভাষা শিক্ষা এবং কেয়ারগিভিং অকুপেশনে দুই (০২) জন ভলানটিয়ার পাওয়া যাবে। উক্ত ভলানটিয়ারদ্বয়ের মাধ্যমে এনএসডিএ নিবন্ধিত STP-তে ট্রেইনার ও মাস্টার ট্রেইনারদের প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>○ ৮-১০ ফেব্রুয়ারি ২০২৪ GIZ আয়োজিত Stakeholder Workshop on Skills Development for Sustainable Energy Solutions (Skills4SE) 2024-এ অংশগ্রহণ করা হয়।<br>○ ১১ ফেব্রুয়ারি ২০২৪ সদস্য (পরিকল্পনা ও দক্ষতামান)-এর সভাপতিত্বে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এবং জাইকা বাংলাদেশ-এর প্রতিনিধিদের সাথে JOCV প্রোগ্রামের আওতায় জাপানিজ ভাষা শিক্ষা এবং কেয়ারগিভিং অকুপেশনে ToT এবং মাস্টার ট্রেইনার প্রশিক্ষণ কার্যক্রম বিষয়ক সভা আয়োজন করা হয়।<br>○ ১৪ ফেব্রুয়ারি ২০২৪ বাংলাদেশস্থ অস্ট্রেলিয়ান ডেপুটি হাই-কমিশনারের সাথে সভা করা হয়।<br>○ ০৬ মার্চ ২০২৪ নির্বাহী চেয়ারম্যান (সচিব) মহোদয়ের সভাপতিত্বে Canadian High Commission-এর প্রতিনিধিদের সাথে সভা অনুষ্ঠিত হয়।<br>○ ১১ মার্চ ২০২৪ সদস্য (পরিকল্পনা ও দক্ষতামান) মহোদয়ের সভাপতিত্বে ইউরোপিয়ান ইউনিয়ন-এর প্রতিনিধিদের সাথে সভা অনুষ্ঠিত হয়েছে।<br>○ ২২ এপ্রিল ২০২৪ নির্বাহী চেয়ারম্যান (সচিব) মহোদয়ের নির্দেশনানুযায়ী বৈদেশিক শ্রমবাজারে দক্ষ জনশক্তি প্রেরণের লক্ষ্যে বিভিন্ন দেশের সাথে Mutual Recognition Agreement (MRA)/Memorandum of Understanding (MoU) সম্পাদনে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত পররাষ্ট্র সচিব বরাবর একটি আধা-সরকারি পত্র প্রেরণ করা হয়।<br>○ ২৯ এপ্রিল ২০২৪ GIZ-এর প্রতিনিধিদের সাথে Professional Education in Industrial and Environment Safety (PRECISE) শীর্ষক প্রকল্পের বিষয়ে একটি সভা আয়োজন করা হয়েছে।<br>○ ১৩ মে ২০২৪ ASSET প্রকল্পের আওতায় লজিস্টিকস্ এবং প্ল্যাস্টিক সেক্টরের গবেষণা কার্যক্রমের নিমিত্ত ০২ টি ToR ASSET প্রকল্পে প্রেরণ করা হয়। |

| | |
|---|---|
| | ○ ২ জুন ২০২৪ ASSET প্রকল্পের জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) সংশ্লিষ্ট অংশে Equipment এবং Facilities ক্রয়ের মাধ্যমে শিল্প দক্ষতা পরিষদ (আইএসসি)সমূহ শক্তিশালীকরণের নিমিত্ত ASSET প্রকল্পে পত্র প্রেরণ করা হয়।<br>○ ২৫ জুন ২০২৪ ILO-এর Skills 21 প্রজেক্টের আওতায় পরিচালিত গবেষণা রিপোর্ট ০২ (দুই) টির প্রত্যকটি ৫০০ কপি করে মোট ১০০০ কপি মুদ্রণের নিমিত্ত প্রচ্ছদ, ডিজাইন এবং অন্যান্য সংশোধনযোগ্য বিষয়ের উপর মতামত প্রেরণ করা হয়।<br>○ ২৬ জুন ২০২৪ SDYM&ICT LCG Working Group-এর সাথে সভা অনুষ্ঠিত হয়। |

## ৩.৮ সমন্বিত ও একীভূত প্রশিক্ষণ পরিচালনার জন্য মতবিনিময় সভা

বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক (বিএনকিউএফ) এর আওতায় কম্পিটেন্সি বেজড ট্রেনিং এন্ড অ্যাসেসমেন্ট (সিবিটিএন্ডএ) পদ্ধতিতে সমন্বিত ও একীভূত প্রশিক্ষণ পরিচালনার জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ উপকরণ (সিএস-সিএডি, সিবিসি ও সিবিএলএম) ভ্যালিডেশেনের উদ্যোগ গ্রহণ করেছে। এ লক্ষ্যে আয়োজিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সাথে অনুষ্ঠিত আলোচনা সভা ১১ জানুয়ারি ২০২৪ এনএসডিএ-এর সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপত্বি করেন এনএসডিএ-এর সদস্য (অতিরিক্ত সচিব) জনাব মুশরাত মেহ্ জাবীন। মতবিনিময় সভায় এনএসডিএ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা ও পরামর্শকবৃন্দ উপস্থিত ছিলেন



মতবিনিময় সভায় উপস্থিত কর্মকর্তা পরামর্শকবৃন্দ

## ৪. নিবন্ধন ও সনদায়ন উইং-এর কার্যক্রমের অগ্রগতি

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের অন্যতম প্রধান কাজ হলো দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে এনএসডিএ-এর আওতায় নিবন্ধন প্রদান করা। এনএসডিএ কর্তৃক এসটিপি নিবন্ধন একটি সার্বক্ষণিক, সহজ ও উন্মুক্ত প্রক্রিয়া। যে কোনো আগ্রহী দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান যে কোনো সময়ে এনএসডিএ-এর নিবন্ধন পেতে আবেদন করতে পারে। আগ্রহী প্রশিক্ষণ প্রতিষ্ঠান নিজ উদ্যোগে জাতীয় দক্ষতা পোর্টালের (NSP) মাধ্যমে আবেদন দাখিল করতে পারে। এনএসডিএ-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতিষ্ঠানটি পরিদর্শন করে পোর্টালে প্রতিবেদন দাখিল করেন। দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান নিবন্ধন গাইডলাইন বর্ণিত শর্ত পূরণ করলে প্রতিষ্ঠানটিকে নিবন্ধন প্রদান করা হয়।

নিবন্ধিত প্রশিক্ষণ প্রতিষ্ঠান কোর্সর অনুমোদন প্রাপ্তির পর সনদায়িত প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণ শেষে নির্ধারিত দিনে এনএসডিএ প্রণীত টুলসের মাধ্যমে জ্ঞান, দক্ষতা ও অ্যাটিচুড মূল্যায়ন করা হয়। একটি অকুপেশনাল স্ট্যান্ডার্ড-এর সবগুলো ইউনিটে সক্ষম অ্যাসেসিকে 'কম্পিটেন্ট' বা সক্ষমতার সনদ প্রদান করা হয়। সবগুলো ইউনিটে সক্ষম না হলে প্রশিক্ষণার্থী যেসব ইউনিটে সক্ষমতা অর্জন করেছেন তাকে 'স্টেটমেন্ট অব অ্যাচিভমেন্ট' সনদ প্রদান করা হয়। পরবর্তীতে অকৃতকার্য ইউনিটগুলোতে অংশ নিয়ে সক্ষমতার সনদ গ্রহণের সুযোগ আছে।

### ৪.১ দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান নিবন্ধন

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮-এর ১৬(১) ধারা অনুযায়ী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান ও জাতীয় পর্যায়ে সনদ প্রদানে আগ্রহী দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানকে (এসটিপি) কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত হতে হয়। এই লক্ষ্যে সারাদেশে বিস্তৃত বিভিন্ন দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানকে এনএসডিএ-এর নিবন্ধন পেতে জাতীয় স্কিলস পোর্টালের মাধ্যমে আবেদন দাখিল করতে হয়।





এনএসডিএ-এর কর্মকর্তাদের দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান পরিদর্শন

আবেদনকারী প্রশিক্ষণ প্রতিষ্ঠানের আবেদনের সাথে যুক্ত তথ্যাবলি সরেজমিন পরিদর্শনের জন্য অফিস আদেশ জারি করা হয়। কর্মকর্তাগণ সরেজমিন পরিদর্শনপূর্বক তথ্য যাচাইবাছাই করে প্রতিবেদন দাখিল করেন। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের পরিপ্রেক্ষিতে প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে নিবন্ধন প্রদান করা হয়। ২০২৩-২০২৪ অর্থবছরে মোট ৩১১টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে নিবন্ধন প্রদান করা হয়।

### ৪.২ কোর্স পরিচালনার স্বীকৃতি

এনএসডিএ-এর অধীনে নিবন্ধিত দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলো তাদের সক্ষমতার নিরিখে কোর্স পরিচালনার আবেদন করলে এনএসডিএ-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতিষ্ঠানটি সরেজমিন পরিদর্শনপূর্বক কোর্স প্রদানের সুপারিশসহ পোর্টালে প্রতিবেদন দাখিল করেন। তার সুপারিশের পরিপ্রেক্ষিতে আবেদনকারী প্রতিষ্ঠানকে কোর্স পরিচালনার স্বীকৃতি প্রদান করা হয়। ২০২৩-২৪ অর্থবছরে এনএসডিএ-এর অধীনে ৪৪৭টি প্রতিষ্ঠানকে ১২৭টি ভিন্ন ভিন্ন অকুপেশনের কোর্স পরিচালনার অনুমোদন প্রদান করা হয়। যে কোনো এসটিপি একসঙ্গে পাঁচটি কোর্সের আবেদন করতে পারে।

### ৪.৩ অ্যাসেমেন্ট সেন্টার স্বীকৃতি

অনুমোদনপ্রাপ্ত অকুপেশনের প্রশিক্ষণ শেষে অ্যাসেমেন্ট পরিচালনার জন্য প্রতিষ্ঠানগুলো অ্যাসেসমেন্ট সেন্টার হিসেবে স্বীকৃতির প্রয়োজন হয়। জাতীয় দক্ষতা পোর্টালের মাধ্যমে এসটিপি নিবন্ধন, কোর্স ও অ্যাসেসমেন্ট সেন্টার স্বীকৃতির আবেদন

একসঙ্গে করা যায়। এনএসডিএ-এর কর্মকর্তার পরিদর্শন সাপেক্ষে অ্যাসেসমেন্ট সেন্টার অনুমোদন দেওয়া হয়। ২০২৩-২৪ অর্থবছরে ৪৩৪টি প্রতিষ্ঠানে ১৩৫টি ভিন্ন ভিন্ন অকুপেশনে অ্যাসেসমেন্ট সেন্টারের স্বীকৃতি প্রদান করা হয়।

### ৪.৪ পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি

পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি (Recogniction for Prior learning: RPL) জাতীয় দক্ষতা যোগ্যতা কাঠামোর আওতায় একটি যুগোপযোগী, নমনীয় ও সমন্বিত দক্ষতা স্বীকৃতি প্রদান ব্যবস্থা। এটি বিশ্বব্যাপী স্বীকৃত এমন একটি ব্যবস্থা যেখানে একজন কর্মে নিয়োজিত ব্যক্তি তার জীবনের যে কোনো স্তরে শিক্ষা ও দক্ষতা উন্নয়নের সুযোগ পায়। বিভিন্ন অকুপেশনে দক্ষ ব্যক্তিদের অভিজ্ঞতার স্বীকৃতি বা সনদায়নই হলো আরপিএল। দক্ষতা থাকা সত্ত্বেও তারা দক্ষতার নিম্নস্তরে ও নিম্ন মজুরিতে কর্মে নিয়োজিত আছেন এবং কাঙ্ক্ষিত সামাজিক মর্যাদা পাচ্ছেন না। আরপিএল পদ্ধতিতে স্বীকৃতিপ্রাপ্ত ব্যক্তি পরবর্তীতে আনুষ্ঠানিক শিক্ষা ও প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে দেশে-বিদেশের প্রতিযোগিতামূলক বাজারে উন্নত কর্মসংস্থানের সুযোগ পান। পাশাপাশি, কর্মরত অবস্থায় পদোন্নতি বা বেতন বৃদ্ধির সুযোগ সৃষ্টি হয়। আরপিএল পদ্ধতিতে সনদায়িত ব্যক্তির কর্মদক্ষতার আত্মবিশ্বাস, নতুন চাকুরির অনুসন্ধান, সামাজিক মর্যাদাসহ স্বনির্ভর কাজের মাধ্যমে আয় বৃদ্ধির সুযোগ সৃষ্টি হতে পারে। এনএসডিএ-এর অ্যাসেসমেন্ট সেন্টার স্বীকৃতিপ্রাপ্ত সকল প্রতিষ্ঠান আরপিএল কার্যক্রম চালাতে পারে। বর্তমানে Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) প্রকল্পের আওতায় অনুমোদনপ্রাপ্ত এসটিপিসমূহে আরপিএল কার্যক্রম অব্যাহত আছে। ২০২৩-২৪ অর্থবছরে এনএসডিএ-এর আওতায় ৭৮০১ জন আরপিএল সনদ পেয়েছেন।

### ৪.৫ সনদায়ন

জাতীয় ও আন্তর্জাতিক মান অনুযায়ী দক্ষতা উন্নয়ন নিশ্চিতকরণ, সক্ষমতাভিত্তিক নিরপেক্ষ দক্ষতামান যাচাই নিশ্চিতকরণ ও অভিন্ন মানের সনদায়ন নিশ্চিতকরণের জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের অধীনে অ্যাসেসর পুল গঠিত হয়েছে। পুলভুক্ত অ্যাসেসরদের দ্বারা প্রশিক্ষণার্থীদের অ্যাসেসমেন্ট কার্যক্রম চলমান আছে। নিম্নে এ-সংক্রান্ত তথ্য উপস্থাপন করা হলো।

একনজরে ২০২৩-২৪ অর্থবছরের সনদায়ন সংক্রান্ত তথ্য:

| পরীক্ষার্থীর ধরণ | কম্পিটেন্ট | আংশিক কম্পিটেন্ট | সর্বমোট সনদ ইস্যু |
|---|---|---|---|
| নিয়মিত (Regular) | ৭৭২১ | ১৪৪৩ | ৯১৬৪ |
| আরপিএল (RPL) | ৭৮০১ | ১২৭৩ | ৯০৭৪ |
| ম্যানুয়াল (Individual) | ২৩ | -- | ২৩ |
| মোট | ১৫৫৪৫ | ২৭১৬ | ১৮২৬১ |

সনদায়িত অ্যাসেসরপুল-সংক্রান্ত তথ্য:


| | |
|---|---|
| অ্যাসেসর | ৬৩০ |
| রিসোর্স পার্সন | ৪৩০ |
| মোট | ১০৬০ |


### ৪.৬ ন্যাশনাল স্কিলস পোর্টাল (এনএসপি)

দেশীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারে দক্ষ জনশক্তির চাহিদা ও যোগান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের অধীনে দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান নিবন্ধন, কোর্স ও অ্যাসেসমেন্ট সেন্টার এক্রিডিটেশন, অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিচালনা, প্রশিক্ষণার্থীদের সনদায়ন ও স্কিলস গ্রাজুয়েটদের তথ্য, , পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি-সংক্রান্ত যাবতীয় তথ্য, শিক্ষানবিশি, আইএসসিসহ অন্যান্য কার্যক্রমের সমন্বয়ে একটি জাতীয় স্কিলস পোর্টাল (National Skills Portal: NSP) তৈরির কাজ প্রায় শেষ পর্যায়ে। ইতোমধ্যে ১২টি মডিউলের কাজ সম্পন্ন হয়েছে যা লাইভে দেওয়া হয়েছে। এ-সকল মডিউলের মাধ্যমে এ এসটিপি রেজিস্ট্রেশন, কোর্স ও অ্যাসেসমেন্টার অনুমোদন, অ্যাসেসমেন্ট পরিচালনা, সনদায়ন ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে।

স্কিলস পোর্টাল কম্পোজিট ও মডিউলার আকারে তৈরি হবে যেখান থেকে ডাটা এন্টির সুবিধা, স্কিলস গ্যাপ বিশ্লেষণ এবং চাহিদা মোতাবেক রিপোর্ট তৈরির সুবিধা থাকবে। প্রাথমিকভাবে ১৬টি মডিউলের পরিকল্পনা থেকে পোর্টালের কার্যক্রম চলমান আছে। জাতীয় স্কিলসপোর্টালের ১৬টি মডিউল হলো:

১) পলিসি, স্ট্র্যাটিজি ও গাইডলাইন, ২) ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল (আইএসসি), ৩) রিসার্চ এন্ড স্টাডিজ, ৪) লাইভ জব অপরচুনিটিস, ৫) ট্রেনিং লার্নিং ম্যাটেরিয়ালস, ৬) স্কিলস ট্রেনিং প্রোভাইডারস রেজিস্ট্রেশন, ৭) কোর্স অ্যাক্রিডিটেশন, ৮) অ্যাসেসমেন্ট সেন্টার অ্যাক্রিডিটেশন, ৯) ইন্সট্রাক্টর এন্ড অ্যাসেসর, ১০) ট্রেনিং এমপ্লয়মেন্ট গ্রাজুয়েট ট্রাকিং, ১১) প্রোগ্রাম এন্ড প্রজেক্ট, ১২) অ্যাসেসমেন্ট এন্ড সার্টিফিকেশন, ১৩) ওভারসিজ এমপ্লয়মেন্ট, ১৪) মনিটরিং এন্ড ইভ্যাল্যুয়েশন, ১৫) ইভেন্টস এবং ১৬) ফাইন্যান্সিং।




জাতীয় স্কিলস পোর্টালের ডিজাইন

### ৪.৭ অন্যান্য কার্যক্রম

১২ সেপ্টেম্বর ২০২৩ ও ২৭ ডিসেম্বর ২০২৩ এনএসডিএ কর্তৃক বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রধানদের নিয়ে 'Dissemination Workshop on CBT&A System for Managers of Skills Training Providers' বিষয়ে ০২টি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। ১৭ ডিসেম্বর ২০২৩ অনলাইন জুম প্লাটফর্মের মাধ্যমে এনএসডিএ এর সাথে কর্মসংস্থান ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও রাজশাহী জোনের এসটিপি প্রধানদের নিয়ে ০১টি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

### ৪.৮ এনএসডিএ-এর পুলভুক্ত অ্যাসেসরদের নিয়ে কর্মশালা

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের অধীনে পরিচালিত অ্যাসেসমেন্টের আন্তর্জাতিক মান বজায় রাখা, অ্যাসেসমেন্ট সেন্টারে করণীয় সম্পর্কে অধিকতর আলোচনা-পর্যালোচনাসহ অ্যাসেসরদের অন্যান্য দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে অবহিতকরণ এবং অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিচালনায় অ্যাসেসরদের দক্ষতা বৃদ্ধির জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের পুলভুক্ত অ্যাসেসরের অংশগ্রহণে ৪ দিন ব্যাপী এক

কর্মশাল ৩টি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার প্রথম ধাপে ২৫ জন, দ্বিতীয় ধাপে ৫০ জন ও তৃতীয় ধাপে ৫০ জন অ্যাসেসরের সমন্বয়ে ৩টি কর্মশালা অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, এনএসডিএ-এর পুলভুক্ত অ্যাসেসরদের নিয়ে পর্যায়ক্রমে এ কর্মশালা আয়োজন করা হবে।





কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে অতিথিবৃন্দের সাথে অংশগ্রহণকারী অ্যাসেসরবৃন্দ

## ৪.৯ নতুন প্রকল্প প্রণয়ন-সংক্রান্ত কার্যক্রম

দক্ষতা উন্নয়নের মাধ্যমে সুবিধাবঞ্চিত ও পিছিয়ে পড়া নারীদের সমাজের মূল ধারায় কর্মসংস্থানে অংশগ্রহণের সুযোগ সৃষ্টির মাধ্যমে জীবনমানের পরিবর্তনে কাজ করছে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ। জার্মান উন্নয়ন সহযোগী সংস্থা জিআইজেড-এর আর্থিক সহায়তায় এ বিষয়ে একটি নতুন প্রকল্প গ্রহণের জন্য ধারাবাহিকভাবে কয়েকটি সভা অনুষ্ঠিত হয়। সর্বশেষ ৩১ জানুয়ারি ২০২৪ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের সভাকক্ষে অনুষ্ঠিত এ সভায় জিআইজেড ও এনএসডিএ-এর কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের সদস্য (অতিরিক্ত সচিব) জনাব মুশরাত মেহ্ জাবীন। সভায় জিআইজেড এর অর্থায়নে সুবিধাবঞ্চিত ও পিছিয়ে পড়া নারী এবং তরুণদের দক্ষতা উন্নয়নে প্রকল্প গ্রহণের বিষয়ে এনএসডিএ কর্তৃক নতুন প্রকল্প গ্রহণের বিষয়ে বিস্তারিত ও ফলপ্রসূ আলোচনা হয়।



নতুন প্রকল্প গ্রহণের সভায় জিআইজেড ও এনএসডিএ-এর কর্মকর্তাবৃন্দ

## ৫. সমন্বয় ও এ্যাসেসমেন্ট উইং-এর কার্যক্রমের অগ্রগতি

সমন্বয় ও অ্যাসেসমেন্ট উইং-এর প্রধান কাজ অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিচালনা করা। এসটিপিসমূহ দক্ষতা পোর্টালের মাধ্যমে অ্যাসেসমেন্ট গ্রহণের আবেদন করলে সমন্বয় ও অ্যাসেসমেন্ট উইং এসটিপিসমূহে অ্যাসেসমেন্ট পরিচালনার জন্য তারিখ নির্ধারণ করে। অ্যাসেসমেন্ট কার্যক্রমে এনএসডিএ-এর একজন প্রতিনিধি মনিটরিং কর্মকর্তা হিসেবে উপস্থিত থেকে সার্বিক কার্যক্রম তদারকি করেন। এ উইং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের দক্ষতা-সংশ্লিষ্ট প্রকল্পসমূহ সমন্বয়, তথ্যসংগ্রহ ও প্রকল্পের পিআইসি/পিএসসির সভাসমূহে এনএসডিএ-এর প্রতিনিধিত্ব নিশ্চিত করে। নিম্নে এনএসডিএ-এর ২০২৩-২৪ অর্থবছরের কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করা হলো:

### ৫.১ প্রশিক্ষণার্থী অ্যাসেসমেন্ট

এনএসডিএ-এর কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট (সিএডি) ও কারিকুলাম অনুসরণ করে দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানগুলো প্রশিক্ষণ প্রদান করছে। এনএসডিএ নিবন্ধিত দেশের বিভিন্ন দক্ষতা প্রদানকারী প্রতিষ্ঠান থেকে ২০২৩-২৪ অর্থবছরে ২৩৩২০ জন প্রশিক্ষণার্থীকে এনএসডিএ-এর পুলভুক্ত অ্যাসেসরদের দ্বারা অ্যাসেস করা হয়েছে। এর মধ্যে ১৫৭৪১ জন প্রশিক্ষণার্থী কম্পিটেন্ট হয়েছেন। অ্যাসেসমেন্ট কার্যক্রমে এনএসডিএ-এর কর্মকর্তাগণ উপস্থিত থেকে পুরো অ্যাসেসমেন্ট প্রক্রিয়া তদারকি করেন।




প্রশিক্ষণার্থী অ্যাসেসমেন্ট কার্যক্রম

### ৫.২ অ্যাসেসমেন্ট টুলস তৈরি

আধুনিক ও সময়োপযোগী অ্যাসেসমেন্ট টুলস তৈরি করা এনএসডিএ-এর অন্যতম দায়িত্ব। গত অর্থবছরে অ্যাসেসমেন্ট টুলস প্রণয়ন ও রিভিউ করা হয়েছে ৪৮টি। অ্যাসেমেন্ট টুলস তৈরির কার্যক্রম চলমান আছে।

অ্যাসেসমেন্ট শাখায় বার্ষিক ২০২৩-২০২৪ অর্থবছরের (জুলাই ২০২৩-জুন ২০২৪) বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

| ক্র. নং | বিষয় | একক | কম্পিটেন্ট | নট ইয়েট কম্পিটেন্ট | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | ট্রেইনার এন্ড অ্যাসেসর (প্রশিক্ষক) লেভেল-৫ | জন | ৫৪ | ৮৭ | ১৪১ |
| ২ | ট্রেইনার এন্ড অ্যাসেসর (প্রশিক্ষক) লেভেল-৪ | জন | ৫৯২ | ৮৭৫ | ১৪৬৭ |
| ৩ | অ্যাসেসর লেভেল-৪ | জন | ৩১১ | ৪১৪ | ৭২৫ |
| ৪ | প্রশিক্ষণার্থী | জন | ১৫৭৪১ | ৭৫৭৯ | ২৩৩২০ |
| ৫ | অ্যাসেসমেন্ট টুলস প্রণয়ন ও রিভিউ | সংখ্যা | অ্যাসেসমেন্ট টুলস প্রণয়ন ও রিভিউ=৪৮টি<br>অ্যাসেসমেন্ট টুলস প্রণয়ন=২৪টি<br>অ্যাসেসমেন্ট টুলস রিভিউ=২৪টি | | ৪৮ |

### ৫.৩ দক্ষতা সংশ্লিষ্ট প্রকল্প সমন্বয়

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮(৬) (১) (ঙ) অনুযায়ী এনএসডিএ-এর অন্যতম দায়িত্ব হচ্ছে দক্ষতা উন্নয়ন-সংক্রান্ত সকল প্রকল্প ও কর্মসূচির সমন্বয় সাধন ও পরিবীক্ষণ করা। প্রধানমন্ত্রীর কার্যালয়ের ৫ জানুয়ারি ২০২০ তারিখের পরিপত্রে "প্রকল্প গ্রহণে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ নীতি এবং এ -সংক্রান্ত কৌশল ও কর্মপরিকল্পনা, জাতীয় ও আন্তর্জাতিক চাহিদা অনুসরণ, বৈশ্বিক মান নিশ্চিতকরণ, দ্বৈততা পরিহার, প্রকল্প বাস্তবায়নে অগ্রাধিকার বিবেচনা ইত্যাদি বিষয়ে দক্ষতা উন্নয়ন-সংক্রান্ত প্রকল্প, কর্মসূচি ও বৃহৎ প্রকল্পের দক্ষতা সংক্রান্ত কম্পোনেন্ট গ্রহণ, প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, বাস্তবায়ন ও সমন্বয় সাধন-এ অনুসরণীয় ১২ (বারো) দফা নির্দেশনা প্রদান করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে মন্ত্রণালয়/বিভাগ হতে দক্ষতা উন্নয়ন-সংক্রান্ত চলমান ও প্রস্তাবিত প্রকল্পের তথ্য সংগ্রহ করা হয়।

দক্ষতা উন্নয়ন প্রকল্প ও কর্মসূচি পরীবিক্ষণ ও সমন্বয় সাধন কার্যক্রমের অংশ হিসেবে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার বাস্তবায়নাধীন দক্ষতা-সংশ্লিষ্ট প্রকল্পে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) ও প্রকল্পের স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভায় এনএসডিএ-এর প্রতিনিধি মনোনয়ন চাওয়ার পরিপ্রেক্ষিতে এনএসডিএ-এর প্রতিনিধি সভায় অংশগ্রহণ করে দক্ষতা-সংক্রান্ত প্রকল্পের ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদানে এনএসডিএ-এর কম্পিট্যান্সি স্ট্যান্ডার্ড ও কারিকুলাম অনুসরণের পরামর্শ প্রদান করে আসছেন।

### ৫.৪ অ্যাসেসর পুল তৈরি

দক্ষতা প্রশিক্ষণার্থীদের অ্যাসেসমেন্ট কার্যক্রম সম্পাদনের জন্য এনএসডিএ-এর আওতায় একটি অ্যাসেসর পুল তৈরির কার্যক্রম চলমান আছে। ২০২৩-২৪ অ্যাসেসর লেভেল-৪-এ ৩১১ জন এনএসডিএ-এর পুলভুক্ত হয়েছেন।

### ৫.৫ ট্রেইনার এন্ড অ্যাসেসর পুল তৈরি

সিবিটিএন্ডএ সম্পন্ন যে কোনো ব্যক্তি ও এনএসডিএ-এর পুলভুক্ত অ্যাসেসরদের মধ্যে সিবিটিএন্ডএ সম্পন্ন যে কেউ ট্রেইনার হিসেবে কাজ করতে আগ্রহী হলে তাদের ট্রেইনার অ্যাসেসর হিসেবে পুলভুক্ত করা হয়। ২০২৩-২৪ অর্থবছরে ট্রেইনার এন্ড অ্যাসেসর (প্রশিক্ষক) লেভেল-৫-এ ৫৪ জন এবং ট্রেইনার এন্ড অ্যাসেসর (প্রশিক্ষক) লেভেল-৪-এ ৫৯২ জন পুলভুক্ত হয়েছেন।

## ৬.০ এনএসডিএ শক্তিশালীকরণ প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি

শিল্প ও পেশার চাহিদার প্রয়োজনীয় মান অনুযায়ী স্থানীয় ও আন্তর্জাতিক বাজারের জন্য দক্ষ জনশক্তি তৈরিতে সহযোগিতা প্রদান ও সক্ষমতা বৃদ্ধির জন্য এনএসডিএ কে শক্তিশালীকরণ উদ্দেশ্য নিয়ে জানুয়ারি ২০২২ থেকে ডিসেম্বর ২০২৪ মেয়াদে 'জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ শক্তিশালীকরণ' প্রকল্প চলমান রয়েছে। সম্পূর্ণ জিওবি অর্থায়নে প্রকল্পের মোট বরাদ্দ ৪৬.১০ লক্ষ টাকা।

### ৬.১ প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরে বাস্তবায়ন ও অগ্রগতি:

| ক্র: নং | কম্পোনেন্ট | বিবরণ | তারিখ | ভেন্যু |
|---|---|---|---|---|
| ১ | **কম্পোনেন্ট-১** (Development of Skills Training Materials) | জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ শক্তিশালীকরণ প্রকল্প কর্তৃক ৯২টি কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড প্রণয়ন ও ভ্যালিডেশন, ৭৭টি সিবিসি প্রণয়ন ও ভ্যালিডেশন এবং ১২৬টি এ্যাসেসমেন্ট টুলস্ প্রস্তুত করা করা হয়েছে। | সেপ্টেম্বর ২০২২ - জুন ২০২৪ পর্যন্ত। | এনএসডিএ সভা কক্ষ |
| | | ১ম পর্যায়ে ১২৫টি সিবিএলএম প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়েছে। ২য় পর্যায়ে ২০০টি সিবিএলএম প্রণয়নের কাজ সম্পন্ন করার জন্য ২টি ফার্ম নিয়োগ করা হয়েছে এবং ৪৫টি সিবিএলএম চূড়ান্ত করা হয়েছে। | | |
| | শিল্প সংযোগ | শিল্প সংযোগ দৃঢ়ীকরণে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ শক্তিশালীকরণ প্রকল্প এবং ৭টি ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল (আইএসসি)-এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর এর আওতায় অ্যাপ্রেন্টিসশিপ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য নিম্নলিখিত আইএসসিসমূহকে ৮,৫০,০০০/- টাকা করে আর্থিক সহায়তা প্রদান করা হয়:<br><br>১। এগ্রো ফুড আইএসসি<br>২। ইনফরমাল সেক্টর আইএসসি<br>৩। সিরামিক আইএসসি<br>৪। জুট সেক্টর আইএসসি<br>৫। প্লাস্টিকস শিল্প দক্ষতা পরিষদ<br>৬। ট্যুরিজম এন্ড হসপিটালিটি আইএসসি<br>৭। কনস্ট্রাকশন সেক্টর আইএসসি | ১২ মার্চ ২০২৪ | এনএসডিএ সভা কক্ষ |

| ক্র: নং | কম্পোনেন্ট | বিবরণ | তারিখ | ভেন্যু |
|---|---|---|---|---|
| ২ | **কম্পোনেন্ট-২** (Research) | ১। "Skills Mapping in Light Engineering, Furniture, Tourism & Hospitality, Construction, Agriculture and Agro food" শীর্ষক গবেষণাটি সম্পন্ন করা হয়েছে।<br><br>২। "A study to find out the skills gap in the IT freelancing to create employability and boost the remittance" শীর্ষক গবেষণাটি সম্পন্ন করা হয়েছে। | | |
| ৩ | **কম্পোনেন্ট-৩** (Capacity Building) | **কর্মশালা/সেমিনার** | | |
| | | ১) 'Dissemination Workshop on CBT and A System for Managers of Skills Training Providers' শীর্ষক কর্মশালা আয়োজন। | ১২ সেপ্টেম্বর ২০২৩ | এনএসডিএ সভা কক্ষ |
| | | ২) 'Dissemination Workshop on CBT and A System for Managers of Skills Training Providers' শীর্ষক কর্মশালা আয়োজন। | ২৫ সেপ্টেম্বর ২০২৩ | এনএসডিএ সভা কক্ষ |
| | | ৩) ঢাকা জেলার সকল ডিজিটাল ইউনিয়ন সেন্টার সমূহের উদ্যোক্তাদের নিয়ে 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ এর ভূমিকা' শীর্ষক কর্মশালা আয়োজন। | ০৬ নভেম্বর ২০২৩ | এনএসডিএ সভা কক্ষ |
| | | ৪) Workshop on Industry Linkage and Apprenticeship of ISCs শীর্ষক কর্মশালার আওতায় "Investing in Skills Development for Accelerating Growth" শীর্ষক সেমিনার আয়োজন। | ২৩ নভেম্বর ২০২৩ | এনএসডিএ সভা কক্ষ |
| | | ৫) 'Dissemination Workshop on CBT and A System for Managers of Skills Training Providers' শীর্ষক আয়োজন। | ২৬ ডিসেম্বর ২০২৩ | এনএসডিএ সভা কক্ষ |
| | | ৬) দক্ষতা প্রশিক্ষণে ৩য় লিঙ্গের অন্তর্ভুক্তি শীর্ষক কর্মশালা আয়োজন। | ২৮ ডিসেম্বর ২০২৩ | ময়মনসিংহ |

| ক্র: নং | কম্পোনেন্ট | বিবরণ | তারিখ | ভেন্যু |
|---|---|---|---|---|
| | | | | বিভাগীয় কমিশনারের কার্যালয় |
| | | ৭) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ২০২৩ এর সনদ প্রদান অনুষ্ঠান এবং তারুণ্যের শক্তিতে স্মার্ট বাংলাদেশ শীর্ষক সেমিনার | ১০ ফেব্রুয়ারি ২০২৪ | বিডা অডিটরিয়াম |
| | | ৮) Disability Inclusiveness of Skills Development Ecosystem in Bangladesh এর আওতায় দক্ষতা উন্নয়ন নীতি ২০২২: বিশেষ চাহিদাসম্পন্ন জনগোষ্ঠী'' শীর্ষক সেমিনার | ১২ জুন ২০২৪ | বিডা অডিটরিয়াম |
| | | **প্রশিক্ষণ** | | |
| | | ১) Training on 'Development of Assessment Tools' সংক্রান্ত প্রশিক্ষণ এনএসডিএ এর কর্মকর্তাদের নিয়ে ৫দিন ব্যাপি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। | জানুয়ারি ২০২৪ | এনএসডিএ সভা কক্ষ |
| | | ২) মাস্টার ট্রেইনার প্রশিক্ষণ ২৪জন প্রশিক্ষণার্থীর অংশগ্রহণে ৪৭ দিন মেয়াদে। ১৪ জানুয়ারি থেকে ২৩ জানুয়ারি ২০২৪ এবং ২৩ এপ্রিল থেমে ৩ মে ২০২৪ দুটি ধাপে প্রশিক্ষণ সম্পন্ন করেছে। | জানুয়ারি ২০২৪ | ঢাকা বিকেটিটিসি |
| | | ৩) ০২ মে থেকে ০৭ মে ২০২৪ পর্যন্ত Competency Based Assessment (CBA) Program এবং রি-এ্যাসেসমেন্ট ২৫ মে ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। | মে ২০২৪ | রাজশাহী টিটিসি |
| | | **জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি ২০২২ অবহিতকরণ' শীর্ষক কর্মশালা** | | |
| | | ২০২৩-২৪ অর্থবছরে মোট ৩০ (ত্রিশ) টি জেলায় 'জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি- ২০২২' অবহিতকরণ কর্মশালা আয়োজনের লক্ষমাত্রা ধরা হয়েছে। ১৫টি জেলায় কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। | ১৬ আগস্ট ২০২৩ | ময়মনসিংহ |
| | | | ৩০ আগস্ট ২০২৩ | লক্ষীপুর |
| | | | ২৬ সেপ্টেম্বর ২০২৩ | মুন্সিগঞ্জ |
| | | | ২৬ অক্টোবর ২০২৩ | সুনামগঞ্জ |
| | | | ৩১ জানুয়ারি ২০২৪ | খুলনা |

| ক্র: নং | কম্পোনেন্ট | বিবরণ | তারিখ | ভেন্যু |
|---|---|---|---|---|
| | | | ৩১ জানুয়ারি ২০২৪ | কুষ্টিয়া |
| | | | ৩১ জানুয়ারি ২০২৪ | বাগের হাট |
| | | | ০১ ফেব্রুয়ারি ২০২৪ | নড়াইল |
| | | | ০১ ফেব্রুয়ারি ২০২৪ | মেহেরপুর |
| | | | ০১ ফেব্রুয়ারি ২০২৪ | সাতক্ষীরা |
| | | | ০১ ফেব্রুয়ারি ২০২৪ | মাদারীপুর |
| | | | ০৬ এপ্রিল ২০২৪ | চুয়াডাঙ্গা |
| | | | ১১ জুন ২০২৪ | নওঁগা |
| | | | ১১ জুন ২০২৪ | ঠাকুরগাঁও |
| | | | ১২ জুন ২০২৪ | দিনাজপুর |
| ৪ | **কম্পোনেন্ট-৪** (Social Marketing) | ১) দক্ষতা প্রশিক্ষণের বিষয়ে যুবসমাজকে উদ্বুদ্ধকরণ, প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে জীবনমানের পরিবর্তন ও দক্ষতা প্রশিক্ষণ সম্পর্কে সামাজিক নেতিবাচক ধারণা দূরীকরণের লক্ষ্যে ১ মিনিট দৈর্ঘ্যে নির্মিত দুটি টিভি কর্মাশিয়াল (টিভিসি) বিভিন্ন চ্যানেলে প্রচার করা হয়। | | |
| ৫ | **অন্যান্য** | জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ শক্তিশালীকরণ প্রকল্পের পিআইসি ৮টি সভা এবং পিএসসি'র ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে। | | |

## ৬.২ আর্থিক অগ্রগতি:

| অর্থ বছর | বাজেট বরাদ্দ (লক্ষ টাকায়) | ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) | শতকরা হার |
|---|---|---|---|
| ২০২৩-২৪ | ১১৫৭.০০ | ৭১১.৯০ | ৬১.৫২% |
| **মোট বরাদ্দ** | **৪৬১০.০০** | **১২২০.২০** | **২৬.৪৬%** |

## ৬.৩ শিক্ষানবিশদের শিল্প সংযুক্তি স্থাপনে শিল্প দক্ষতা পরিষদের ভূমিকা শীর্ষক কর্মশালা

এনএসডিএ শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় ২৩ অক্টোবর ২০২৩ এনএসডিএ সভাকক্ষে শিক্ষানবিশদের শিল্প সংযুক্তি স্থাপনে শিল্প দক্ষতা পরিষদের ভূমিকা শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় এনএসডিএ-এর নির্বাহী চেয়ারম্যান নাসরীন (সচিব) আফরোজ প্রধান অতিথি এবং বিশিষ্ট শিল্পপতি ও লজিসটিকস ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিলের চেয়ারম্যান জনাব আব্দুল মাতলুব আহমেদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি নাসরীন আফরোজ শিক্ষানবিশদের শিল্প সংযুক্তির ক্ষেত্রে ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল (আইএসসি)-এর সহযোগিতা কামনা করেন। তিনি, আইএসসির সক্ষমতা বৃদ্ধিতেও এনএসডিএ কাজ করছে বলে উল্লেখ করেন। অনুষ্ঠানের বিশেষ অতিথি জনাব আব্দুল মাতলুব আহমেদ দক্ষতা প্রশিক্ষণ জনপ্রিয় করার ব্যাপারে সামাজিক সচেতনতা তৈরির ওপর জোর দেন। এছাড়া, তিনি কারিগরি কলেজ ও বিশ্ববিদ্যালয়ের সংগে এনএসডিএ-এর সংযোগ বৃদ্ধি করার ব্যাপারে অভিমত ব্যক্ত করেন। তিনি আন্তর্জাতিক বাজারে শ্রমিকদের নিম্ন মজুরিতে কাজ, ইন্ডাস্ট্রিতে দক্ষ কর্মীর অভাব, প্রযুক্তিগত পরিবর্তন ইত্যাদি সকল ক্ষেত্রে উন্নয়নের জন্য বেসরকারি সেক্টরের সঙ্গে এনএসডিএ-এর নিবিড় সংযোগ তৈরির মাধ্যমে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ করার কথাও উল্লেখ করেন।



কর্মশালায় উপস্থিত অতিথিবৃন্দ

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে এনএসডিএ-এর সদস্য (অতিরিক্ত সচিব) জনাব মুসরাত মেহ জাবীন, শিল্প দক্ষতা পরিষদের সমন্বয়ক জনাব সফিকুর রহমান ভূঁইয়া, ইনফরমাল সেক্টর আইএসসির চেয়ারম্যান জনাব নূরুল গণি শোভন, প্রাণ গ্রুপের হেড অফ কোয়ালিটি কন্ট্রোল ড. এস এম মারুফ কবির প্রমুখ বক্তব্য রাখেন। কর্মশালায় শিল্প প্রতিষ্ঠান এবং আইএসসির প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।

## ৬.৪ 'জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, ২০২২: বিশেষ চাহিদাসম্পন্ন জনগোষ্ঠী' শীর্ষক কর্মশালা

১২ জুন ২০২৪ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক এবং ডিজএবলড রিহেবিলিটেশন এন্ড রিসার্চ এসোসিয়েশনের (ডিআরআরএ) সহায়তায় 'জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, ২০২২: বিশেষ চাহিদা সম্পন্ন জনগোষ্ঠী' শীর্ষক কর্মশালা আগারগাঁওস্থ বিনিয়োগ ভবনে আয়োজন করা হয়।



'জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, ২০২২: বিশেষ চাহিদাসম্পন্ন জনগোষ্ঠী' শীর্ষক কর্মশালার অংশগ্রহণকারী

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব ও জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান নাসরীন আফরোজ। তিনি বলেন, বর্তমান ও ভবিষ্যতের চাহিদাসম্পন্ন পেশায় তরুণদের এবং বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের দক্ষতা প্রশিক্ষণ প্রদান করে শোভন কাজের সুযোগ তৈরি করতে হবে। তিনি আরও বলেন, ডেমোগ্রাফিক ডিভিডেন্টের সুবিধা কাজে লাগাতে তরুণদের উপযুক্ত পেশায় দক্ষতা প্রশিক্ষণ প্রদান, দক্ষতা বিষয়ে গবেষণা, দক্ষতা প্রশিক্ষণ সামগ্রী তৈরি, সনদায়ন, অ্যাসেসমেন্টসহ একটি দক্ষতা ইকো-সিস্টেম তৈরিতে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কাজ করছে। তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।

কর্মশালায় বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও অধিদপ্তরের কর্মকর্তা, দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি, শিল্প দক্ষতা পরিষদের প্রতিনিধি এবং বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিগণ উপস্থিত ছিলেন।

## ৬.৪ জেলা পর্যায়ে 'জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, ২০২২ অবহিতকরণ কর্মশালা

এনএসডিএ-এর কার্যক্রমসহ জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, ২০২২ অবহিতকরণের নিমিত্ত দেশের বিভান্ন জেলায় ও বিভাগীয় শহরে কর্মশালার আয়োজন অব্যাহত আছে। এনএসডিএ শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় এ-সকল কর্মশালা অনুষ্ঠিত হয়। দিনব্যাপী অনুষ্ঠিত কর্মশালায় জেলা প্রশাসনের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধি, দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি, এনজিও প্রতিনিধি, সাংবাদিক ও স্থানীয় বিশিষ্ট ব্যক্তিবর্গ অংশ নেন। প্রকল্পের আওতায় ২০২৩-২৪ অর্থচরে মোট ৩০টি কর্মশালা অনুষ্ঠিত হয়।



খুলনা জেলায় অনুষ্ঠিত কর্মশালায় অংশগ্রহণকারীবৃন্দ



কুষ্টিয়া জেলায় অনুষ্ঠিত কর্মশালার একাংশ

## ৭.০ এনএসডিএ-এর অগ্রাধিকারভিত্তিক কার্যক্রম

১) জাতীয় দক্ষতা উন্নয়ন নীতির আলোকে দক্ষতা উন্নয়ন কৌশল ও কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;

২) চতুর্থ শিল্প বিপ্লব এবং অন্যান্য সম্ভাব্য পরিবর্তনের প্রেক্ষাপট বিবেচনায় গবেষণা, জরিপ ও সমীক্ষার মাধ্যমে দেশীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের ভবিষ্যৎ দক্ষতার চাহিদা নিরূপণ, স্কিলস গ্যাপ নির্ধারণ এবং দক্ষতা চাহিদার পূর্বাভাস প্রদান;

৩) বর্তমান ও ভবিষ্যৎ দক্ষতার চাহিদা বিবেচনায় স্ট্যান্ডার্ড ডেভেলপমেন্ট, কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট প্রণয়ন, কারিকুলাম তৈরি, দক্ষতাভিত্তিক শিক্ষা উপকরণ ও অ্যাসেসমেন্ট টুলস প্রণয়ন;

৪) দেশের সকল দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানকে নিবন্ধিত করে অবকাঠামো, ল্যাবরেটরি, যন্ত্রপাতি, উপকরণ ইত্যাদির ক্ষেত্রে আর্থিক সহায়তার ব্যবস্থা করা;

৫) একটি সামগ্রিক জাতীয় স্কিলস পোর্টাল তৈরি করা যাতে দক্ষতা প্রশিক্ষণ, স্কিলস গ্রাজুয়েটদের তথ্য ও গ্রাজুয়েট ট্র্যাকিং, চাকরি ও চাকরিপ্রার্থীর তথ্য, স্কিলস গ্যাপ, দেশীয় ও আন্তর্জাতিক শ্রমবাজার ইত্যাদি বিষয়ে লাইভ তথ্য সন্নিবেশিত করা; এবং

৬) অন্যান্য দেশ ও প্রতিষ্ঠানের সঙ্গে পারস্পরিক স্বীকৃতি চুক্তি (MRA)-এর মাধ্যমে দক্ষতা গ্রাজুয়েটদের কর্মসংস্থানের সুযোগ প্রশস্ত করা।

### ৮.০ প্রণীত বিধিমালা, নীতিমালা ও গাইডলাইন

এনএসডিএ কর্তৃক এ পর্যন্ত নিম্নবর্ণিত বিধিমালা, নীতিমালা ও গাইডলাইন প্রণয়ন করা হয়েছে:

১) জাতীয় মানবসম্পদ উন্নয়ন তহবিল ব্যবহার নীতিমালা, ২০১৯

২) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বিধিমালা, ২০২০

৩) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের চাকরি ও নিয়োগ প্রবিধানমালা, ২০২১

৪) প্রশিক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধন গাইডলাইন, ২০১৯

৫) প্রশিক্ষণার্থী অ্যাসেসমেন্ট গাইডলাইন, ২০২০

৬) অ্যাসেসর অ্যাসেসমেন্ট গাইডলাইন, ২০২০

৭) কোর্স পরিচালনার স্বীকৃতি গাইডলাইন, ২০২০

৮) অ্যাসেসমেন্ট সেন্টার স্বীকৃতি গাইডলাইন, ২০২০

৯) আইসিটি ফ্রিল্যান্সারদের সনদায়ন গাইডলাইন, ২০২০

১০) পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি গাইডলাইন, ২০২১

১১) ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল অপারেশনস গাইডলাইন, ২০২১

১২) জাতীয় মানবসম্পদ উন্নয়ন তহবিল ব্যবহার পরিবীক্ষণ ও মূল্যায়ন গাইডলাইন, ২০২২

১৩) সেন্টার অব এক্সিলেন্স গাইডলাইন, ২০২২

**পরিশিষ্ট-১**

২০২৩-২০২৪ অর্থ বছরে ৬১টি কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্টের তালিকা:

| S.L | Occupation | Level | Sector |
|---|---|---|---|
| ১. | Advanced Sewing Machine Operation (Multi Skills) | 3 | RMG and Textile |
| ২. | Sweater Linking Machine Operation | 2 | |
| ৩. | Advance Garments Pattern Making with CAD | 4 | |
| ৪. | Maintenance Textile Machinery in Spinning | 2 | |
| ৫. | Maintenance Textile Machinery in Weaving | 2 | |
| ৬. | Marine Coating (Level-2) | 2 | Light Engineering Sector |
| ৭. | Marine Coating (Level-3) | 3 | |
| ৮. | AI in Immersive Technology | 6 | ICT |
| ৯. | BPO Operation Management | 6 | |
| ১০. | Software Design and Architecture | 5 | |
| ১১. | Advanced Customer Service in Contact Center | 5 | |
| ১২. | Lasting and Finishing Operation (Multitasking) | 3 | Leather & Leather Goods |
| ১৩. | Leather Sewing Machine Maintenance | 3 | |
| ১৪. | Sales Professional | 3 | Agro Food |
| ১৫. | Wood Coating | 2 | Furniture |
| ১৬. | Wood Coating | 3 | |
| ১৭. | Energy Management in Textile | 3 | RMG &T |
| ১৮. | Advance Sewing Machine Operation (Multitasking) | 3 | Leather and Footwear |
| ১৯. | Compliance and HR in Textile | 3 | RMG &T |
| ২০. | Warehouse supervision | 3 | Logistics |
| ২১. | Export-Import and Customs Bond and Documentation | 4 | RMG &T |
| ২২. | Food Processing | 2 | Agro Food |
| ২৩. | Maintenance Textile Machinery in Dyeing and Printing | 2 | RMG &T |
| ২৪. | Pattern Making, Grading and CAD-CAM Operations | 4 | Leather and Footwear |

| S.L | Occupation | Level | Sector |
|---|---|---|---|
| ২৫. | Packaging Machine Operation | 2 | Agro Food |
| ২৬. | Industrial Protective Coating | 2 | Light Eegg. |
| ২৭. | Practical Financial Accounting | 4 | ICT |
| ২৮. | Entrepreneurship Development | 4 | Informal |
| ২৯. | Horticulture | 3 | Agriculture |
| ৩০. | Packaging Machine Operation | 3 | Agro Food |
| ৩১. | Food Quality Control | 3 | Agro Food |
| ৩২. | Logistics Management | 3 | Logistics |
| ৩৩. | Plastic Extrusion and Blow Molding | 3 | Plastic |
| ৩৪. | Shipping Operations Management | 3 | Logistics |
| ৩৫. | Industrial Protective Coating | 3 | Light Eng |
| ৩৬. | Firemanship | 3 | Informal Sector |
| ৩৭. | Waste Management in Food Industry | 2 | Agro Food |
| ৩৮. | Retail Sales Operation | 3 | Informal |
| ৩৯. | Supply Chain Management (Customized) | 4 | Logistics |
| ৪০. | Janitorial Service | 3 | Informal |
| ৪১. | Aquaculture | 3 | Informal |
| ৪২. | Bee Keeping | 2 | Agriculture |
| ৪৩. | Demand Planning | 3 | Logistics |
| ৪৪. | Cattle Rearing | 3 | Agriculture |
| ৪৫. | Plastic Printing and Packaging Machine Operation | 3 | Plastic Sector |
| ৪৬. | Flexible Plastic Packaging Machine Operation | 3 | Plastic Sector |
| ৪৭. | CBT&A Methodology for STP Managers | 6 | Training and |
| ৪৮. | Hand Stitching and Embroidery | 2 | Informal |
| ৪৯. | Procurement Management | 3 | Logistics |
| ৫০. | Mushroom Production | 3 | Agriculture Sector |

| S.L | Occupation | Level | Sector |
|---|---|---|---|
| ৫১. | Industry Automation | 3 | Light Eng |
| ৫২. | CNC Lathe Operation with CAD and CAM | 3 | Light Eng |
| ৫৩. | Transportation Management | 3 | Logistics |
| ৫৪. | Electrical Machines Instillation and Maintenances | 2 | Light Eng |
| ৫৫. | CNC Machining Centre Operation with CAD & CAM | 3 | Light Eng |
| ৫৬. | Forklift Operation | 2 | Logistics |
| ৫৭. | Hydraulics and Pneumatics System | 3 | Light Eng |
| ৫৮. | Jewellery Manufacturing | 2 | Informal |
| ৫৯. | Shielded Metal Arc Welding 3G & 4G | 3 | Light Eng |
| ৬০. | Gas Metal & Flux Cored Arc Welding-3G & 4G | 3 | Light Eng |
| ৬১. | CNC Lathe Operation with CAD and CAM | 4 | Light Eng |

**পরিশিষ্ট-২**

২০২৩-২৪ অর্থবছরে প্রণয়নকৃত ৪৩টি কারিকুলাম:

| S.L | Occupation | Level | Sector |
|---|---|---|---|
| ১. | Woven Sewing Machine Operation | 2 | RMG & Textile |
| ২. | Block Batik and Screen Print | 3 | Informal |
| ৩. | Aluminum Fabrication and Installation | 2 | Construction |
| ৪. | Automotive Body Painting | 1 | Light Engineering |
| ৫. | Automotive Body Painting | 2 | |
| ৬. | CNC Machining Centre Operation with CAD & CAM | 4 | |
| ৭. | IT Support Service | 4 | ICT |
| ৮. | Graphic Design for Freelancing | 5 | |
| ৯. | Commercial Content Writing for Freelancing | 3 | |
| ১০. | Tour Guiding | 3 | Tourism & Hospitality |
| ১১. | Garments Washing Technology | 3 | RMG& T |
| ১২. | IT Support Service | 5 | ICT |
| ১৩. | Production planning & Control for RMG | 4 | RMG & Textile |
| ১৪. | Pipe Fitting | 2 | Construction |
| ১৫. | Construction Formwork | 2 | Construction |
| ১৬. | Masonry | 2 | Construction |
| ১৭. | Refrigeration & Air Conditioning | 4 | Light Engg |
| ১৮. | Beautification | 2 | Informal |
| ১৯. | Beautification | 3 | Informal |
| ২০. | Make Up Art | 2 | Informal |
| ২১. | Programmable Logic Controller (PLC) | 4 | Light Engg |
| ২২. | Android Mobile Application Development | 4 | Light Engg |

| S.L | Occupation | Level | Sector |
|---|---|---|---|
| ২৩. | Plastic Injection Moulding Machine Operation | 2 | Light Engg |
| ২৪. | IT Support Service | 6 | ICT Sector |
| ২৫. | AI in Immersive Technology | 6 | ICT Sector |
| ২৬. | Web Application Development with Python | 4 | ICT Sector |
| ২৭. | Web Design and Development for Freelancing | 5 | ICT Sector |
| ২৮. | Bakery and Pastry Production | 3 | Tourism & Hospitality |
| ২৯. | Reservation & Ticketing | 2 | Tourism & Hospitality |
| ৩০. | Hospitality Management | 3 | Tourism & Hospitality |
| ৩১. | Digital Marketing for Freelancing | 6 | ICT Sector |
| ৩২. | Mechanical Fitting | 3 | Light Engineering |
| ৩৩. | Productivity Improvement Techniques for Workers | 3 | RMG & Textile |
| ৩৪. | Quality Control for Weaving | 2 | RMG & Textile |
| ৩৫. | Road Roller Operation | 3 | Construction |
| ৩৬. | Rod Binding | 2 | Construction |
| ৩৭. | Housekeeping | 2 | Informal |
| ৩৮. | Sewing Machine Operation | 2 | RMG & Textile |
| ৩৯. | Dementia Caregiving | 3 | Informal |
| ৪০. | Tailoring and Dress Making | 2 | Informal |
| ৪১. | Plastic Extrusion and Blow Moulding | 3 | Plastic |
| ৪২. | Entrepreneurship Development | 4 | Informal |
| ৪৩. | 2D and 3D CAD for Construction | 3 | Construction |

**পরিশিষ্ট-৩**

২০২৩-২৪ অর্থবছরে প্রণয়নকৃত ৪৫টি সিবিএলএম:

| S. L | Module Name | Occupation | Level | Sector |
|---|---|---|---|---|
| ১. | Validate Competency Based Assessment | CBT&A (Occupation Specific) | 5 | Training & Assessment Sector |
| ২. | Co-ordinate Training and Assessment Arrangements | | 5 | |
| ৩. | Evaluate Competency Based Training and Assessment | | 5 | |
| ৪. | Facilitate and Develop Competency Standards | | 5 | |
| ৫. | Develop Digital Learning Materials | | 5 | |
| ৬. | Apply the Methods of Order Follow up Procedure | Apparel Merchandising (Occupation Specific) | 4 | RMG& Textile Sector |
| ৭. | Interpret the Process of Commercial and Banking Activities | | 4 | |
| ৮. | Perform Cutting and Penetration for Plumbing Works | Plumbing (Occupation Specific) | 2 | Construction Sector |
| ৯. | Install Plumbing Fixtures | | 2 | |
| ১০. | Maintain and Service Plumbing Works | | 2 | |
| ১১. | Create Mock Up and Print | Graphic Design (Occupation Specific) | 3 | ICT Sector |
| ১২. | Develop Materials for Output | | 3 | |
| ১৩. | Drive in an Orderly Traffic System | Motor Driving (Occupation Specific) | 3 | Light Engineering Sector |
| ১৪. | Coordinate and Implement Accident Emergency Procedure | | 3 | |
| ১৫. | Perform Clinical Caregiving | General Caregiving (Occupation Specific) | 2 | Informal Sector |
| ১৬. | Maintain Nutrition, Food Safety and Diet Plan | | 2 | |
| ১৭. | Apply Basic Physiotherapy in Caregiving | | 2 | |
| ১৮. | Provide Care and Support to People with Special Needs | Caregiving for persons with Special Needs (Occupation Specific) | 3 | |
| ১৯. | Provide Support During (Antenatal) Pregnancy, Postnatal (After Delivery), and Neonatal Period | | 3 | |
| ২০. | Interpret Organizational Structure | | 4 | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১. | Perform Sewing Machine Operations | Mid-Level Management for RMG (Occupation Specific) | 4 | RMG& Textile Sector |
| ২২. | Develop Plan and Schedule | | 4 | |
| ২৩. | Carry out Leadership in the workplace | | 4 | |
| ২৪. | Resolve Conflict and Assess Risk | | 4 | |
| ২৫. | Evaluate Production Performance | | 4 | |
| ২৬. | Perform Channel Wiring | Electrical Installation and Maintenance (EIM) (Occupation Specific) | 3 | Light Engineeri ng Sector |
| ২৭. | Install Earthing and Atmospheric Lightening Protection System | | 3 | |
| ২৮. | Perform Conduit Wiring | | 3 | |
| ২৯. | Perform Service Connection | | 3 | |
| ৩০. | Interpret Basic Concepts of RAC | Refrigeration and Air Condition (Occupation Specific) | 1 | Light Engineeri ng Sector |
| ৩১. | Interpret Technical Schematic Diagram | | 1 | |
| ৩২. | Perform Tube Processing Operation | | 1 | |
| ৩৩. | Check, Repair and Maintain Compressors | | 1 | |
| ৩৪. | Apply Electrical & Electronic Fundamentals | | 1 | |
| ৩৫. | Service and Repair Refrigerators & Freezers | | 1 | |
| ৩৬. | Provide Care to Elderly People | Caregiving for Elderly Persons (Occupation Specific) | 3 | Informal |
| ৩৭. | Respond to Challenging Behavior | | 3 | |
| ৩৮. | Perform Palliative Care | | 3 | |
| ৩৯. | Manage Clients with Stroke, Dementia, Parkinson & Alzheimer disease | | 3 | |
| ৪০. | Provide Care and Support Infants and Toddlers | Caregiving for Infant, Toddler, and Children (Occupation Specific) | 3 | Informal |
| ৪১. | Provide Care and Support to Children | | 3 | |
| ৪২. | Foster Physical Development of Children | | 3 | |
| ৪৩. | Foster Psychological Development of Children | | 3 | |
| ৪৪. | Manage Children with Special Needs | | 3 | |
| ৪৫. | Perform Wheels Balancing and Alignment | Automotive Mechanics | 2 | Light Engineeri ng Sector |
| ৪৬. | Service and Repair Steering System | | 2 | |
| ৪৭. | Service and Repair Charging System | | 2 | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪৮. | Service and Repair Air-Induction System | (Occupation Specific) | 2 | |
| ৪৯. | Service and Repair Exhaust System | | 2 | |
| ৫০. | Service and Repair Braking Systems | | 2 | |
| ৫১. | Service and Repair Clutch System | | 2 | |
| ৫২. | Perform Spark Ignition (SI) Engine Tune-Up | | 2 | |
| ৫৩. | Perform Diesel Engine Tune-Up | | 2 | |
| ৫৪. | Use Hand Tools and Power Tools | Electrical Installation and Maintenance (EIM)<br><br>(Occupation Specific) | 2 | Construct ion Sector |
| ৫৫. | Apply Fundamentals Skills for Electrical Works | | 2 | |
| ৫৬. | Perform Wire and Cable Joints | | 2 | |
| ৫৭. | Perform Installation of Electrical Circuit | | 2 | |
| ৫৮. | Perform Channel Wiring | | 2 | |
| ৫৯. | Perform Conduit Wiring | | 2 | |
| ৬০. | Setup Web Design Environment | Web Design<br><br>(Occupation Specific) | 3 | ICT Sector |
| ৬১. | Work with HTML | | 3 | |
| ৬২. | Work with CSS | | 3 | |
| ৬৩. | Perform Design to HTML | | 3 | |
| ৬৪. | Work with basic JavaScript & jQuery | | 3 | |
| ৬৫. | Work with Front-end Framework | | 3 | |
| ৬৬. | Work with CMS | | 3 | |
| ৬৭. | Apply Social Media Marketing | Digital Marketing<br><br>(Occupation Specific) | 3 | ICT Sector |
| ৬৮. | Interpret Search Engine Marketing (SEM) | | 3 | |
| ৬৯. | Practice Basic Search Engine Optimization (SEO) | | 3 | |
| ৭০. | Create and Edit Website using HTML | Web Design and Development for Freelancer<br><br>(Occupation Specific) | 3 | ICT |
| ৭১. | Setup Web Design Environment | | 3 | ICT Sector |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭২. | Apply Fundamental Skills for Electrical Works | Mobile Phone Servicing (Occupation Specific) | 1 | Light Engineering |
| ৭৩. | Disassemble and Reassemble of Basic Mobile Phone | | 1 | |
| ৭৪. | Identify the Components of Basic Mobile Phone | | 1 | |
| ৭৫. | Test Components of basic Mobile Phone | | 1 | |
| ৭৬. | Practice Soldering and Desoldering | | 1 | |
| ৭৭. | Service Basic Mobile Phone | | 1 | |
| ৭৮. | Apply Software Installation Concept & Basic Mobile Phone | | 1 | |
| ৭৯. | Install and Maintain of Electric Motor with Control System | Electrical Installation and Maintenance (EIM) (Occupation Specific) | 3 | Light Engineering |
| ৮০. | Perform Motor Rewinding and Servicing | | 3 | |
| ৮১. | Install and Toubleshoot Solar System | | 3 | |
| ৮২. | Perform Basic Maintenance of Air Conditioning System | Automotive Mechanics (Occupation Specific) | 2 | Light Engineering Sector |
| ৮৩. | Carry out Deep Cleaning | Domestic Work (Occupation Specific) | 2 | Informal Sector |
| ৮৪. | Use Hand Tools and Power Tools | Refrigeration and Air Condition (Occupation Specific) | 1 | Light Engineering Sector |
| ৮৫. | Carry Out Precision Checks and Measurements | | 1 | |
| ৮৬. | Maintain Basic Housekeeping in Caregiving | General Caregiving (Occupation Specific) | 2 | Informal |
| ৮৭. | Perform Motor Connection | EIM (Occupation Specific) | 3 | Light Engineering Sector |
| ৮৮. | Install Window and Split Type Air Conditioners | Refrigeration and Air Condition | 2 | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮৯. | Install, Service and Repair Display Case Freezer | (Occupation Specific) | 2 | Light Engineering Sector |
| ৯০. | Repair and Maintain Humidifier and De-humidifier | | 2 | |
| ৯১. | Service and Maintain Dispensing Unit and Bottle Coolers | | 2 | |
| ৯২. | Service and Repair Window Type Air Conditioners | | 2 | |
| ৯৩. | Service and Repair Split Type Air Conditioners | | 2 | |
| ৯৪. | Use image editing software | Web Design and Development for Freelancer (Occupation Specific) | 3 | ICT |
| ৯৫. | Design styles with CSS and CSS framework | | 3 | |
| ৯৬. | Develop website using JavaScript | | 3 | |
| ৯৭. | Apply fundamentals skills for electrical works | Consumer Electronics (Occupation Specific) | 1 | Light Engineering Sector |
| ৯৮. | Use equipment and measuring instrument in the workplace | | 1 | |
| ৯৯. | Identify and test electronics components | | 1 | |
| ১০০. | Repair and service basic home appliances | | 1 | |
| ১০১. | Assemble Electronics Devices and components | | 1 | |
| ১০২. | Assemble and repair LED bulbs and LED tube light | | 1 | |
| ১০৩. | Identify major parts of LCD/LED TV | | 1 | |
| ১০৪. | Perform Elderly Care | Domestic Work (Occupation Specific) | 2 | Informal |
| ১০৫. | Perform Child Care | | 2 | |
| ১০৬. | Use Advance Home Appliances | | 2 | |
| ১০৭. | Carryout Bench Work Operations | Machine Shop Practice (Occupation Specific) | 3 | Light Engineering Sector |
| ১০৮. | Perform Lathe Machine Operations | | 3 | |
| ১০৯. | Perform Milling Machine Operations | | 3 | |
| ১১০. | Perform Shaper Machine Operations | | 3 | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১১. | Perform Precision Grinding Machine Operations | | 3 | |
| ১১২. | Perform Basic Welding | | 3 | |
| ১১৩. | Apply Occupational Safety and Health (OSH) in CBT&A environment | Competency Based Training and Assessment Methodology | 4 | CBT&A |
| ১১৪. | Work Effectively within TVET Sector | | | |
| ১১৫. | Apply ICT to Facilitate Training and Assessment | | | |
| ১১৬. | Practice Inclusivity in CBT&A Environment | | | |
| ১১৭. | Maintain Training Equipment and Facilities | | | |
| ১১৮. | Maintain & Enhance Professional & Technical Competencies (CBT&A) | | | |
| ১১৯. | Design and Develop Competency-Based Assessment | | | |
| ১২০. | Organize and Conduct Competency-Based Assessment | | | |
| ১২১. | Design and Modify Competency-Based Learning Materials | | | |
| ১২২. | Organize Competency-Based Training Sessions | | | |
| ১২৩. | Deliver Competency Based Training | | | |
| ১২৪. | Facilitate e-Learning | | 5 | CBT&A |
| ১২৫. | Illustrate Department Wise Quality Check Points and Inspection | Quality Control Management for RMG | 4 | RMG & T Sector |
| ১২৬. | Interpret Clothing Material Types and Inspection | | | |
| ১২৭. | Interpret Garments and Garments Construction | | | |
| ১২৮. | Interpret Quality Control and Quality Assurance | | | |
| ১২৯. | Interpret major system of automobiles | Automotive Mechanics | 1 | Light Engineeri ng |
| ১৩০. | Service fuel system | | | |
| ১৩১. | Service ignition system | | | |
| ১৩২. | Bake and decorate Cake | Baking | 3 | Argo food |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩৩. | Interpret IT Support Service Fundamentals | IT Support Service | 3 | ICT |
| ১৩৪. | Perform PC Assembling | | | |
| ১৩৫. | Install and Use Operating System and Optimize Utilities | | | |
| ১৩৬. | Perform Basic Networking | | | |
| ১৩৭. | Install and Configure Application and Utility Software | | | |
| ১৩৮. | Perform Basic Data Backup and Recovery | | | |
| ১৩৯. | Maintain and Troubleshoot Personal Computer | | | |
| ১৪০. | Operate injection Moulding Machine | Plastic Injection Moulding Machine Operation | 2 | Plastic |
| ১৪১. | Prepare for Production | | | |
| ১৪২. | Carryout Plastic Product Production | | | |
| ১৪৩. | Perform Post-Production Activities | | | |
| ১৪৪. | Operating a Personal Computer | Computer Operation | 3 | ICT |
| ১৪৫. | Performing Basic Maintenance and Troubleshooting | | | |
| ১৪৬. | Interpret Block Batik and Screen Printing | Block Boutique and Skin Printing | 2 | Informal |
| ১৪৭. | Identify and Prepare Raw Materials | | | |
| ১৪৮. | Carryout Surface Ornamentation by Block Print | | | |
| ১৪৯. | Coordinate Guests Service | Hospitality Management | 3 | Tourism and Hospitality |
| ১৫০. | Interpret Hospitality Management | | | |
| ১৫১. | Monitor Food and Beverage Service Operation | | | |

# ফটো গ্যালারি/নিউজ



১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবস উপলক্ষ্যে আলোচনা সভা



জাতীয় শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ২০২৪ উপলক্ষ্যে জাতীয় শহিদ মিনারে শ্রদ্ধার্ঘ্য অর্পণ




২৬ মার্চ ২০২৪ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে আলোচনা সভা



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান (সচিব) নাসরীন আফরোজের সঙ্গে কানাডিয়ান হাইকমিশনের প্রতিনিধি দলের সাক্ষাৎ।

১৬ জানুয়ারি ২০২৪ পারসোল গ্লোবাল ওয়ার্কফোর্স কোং লিমিটেড, জাপান-এর সঙ্গে জাপানে দক্ষ কর্মী রপ্তানি এবং সমঝোতা চুক্তি স্বাক্ষরের বিষয়ে জুমে বৈঠক অনুষ্ঠিত হয়।




**জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ এবং ঢাকাস্থ ফ্রান্সের অর্থনৈতিক বিভাগের মধ্যে মতবিনিময় সভা অনুষ্ঠিত**

২২ জানুয়ারি ২০২৪ এনএসডিএ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং ঢাকাস্থ ফ্রান্সের অর্থনৈতিক বিভাগের মধ্যে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এনএসডি এ-এর নির্বাহী চেয়ারম্যান (সচিব) নাসরীন আফরোজ। ফ্রান্সের অর্থনৈতিক বিভাগের প্রধান জনাব জুলিয়েন ডিউরসহ উভয় পক্ষের কর্মকর্তাগণ এ সভায় উপস্থিত ছিলেন।





২১ জানুয়ারি ২০২৪ নির্বাহী চেয়ারম্যানের অফিসকক্ষে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান (সচিব) নাসরিন আফরোজ এবং কোরিয়া প্রজাতন্ত্রের মাননীয় রাষ্ট্রদূত জনাব পার্ক ইয়ং সিকের মধ্যে একটি বৈঠক অনুষ্ঠিত হয়।



৭ নভেম্বর ২০২৩ এনএসডিএ-এর নির্বাহী চেয়ারম্যান (সচিব) নাসরীন আফরোজের সঙ্গে সাক্ষাৎ করেন অস্ট্রেলিয়ান হেড অফ ডেভেলপমেন্ট কোঅপারেশন কেট স্যাংগস্টার



১৩ অক্টোবর ২০২৩ এনএসডিএ সভাকক্ষে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কর্মকর্তাদের সঙ্গে প্রশিক্ষণ ও অ্যাসেসমেন্ট বিষয়ে এনএসডিএ কর্মকর্তাদের এক বৈঠক অনুষ্ঠিত হয়। এনএসডিএ-এর নির্বাহী চেয়ারম্যন (সচিব) নাসরীন আফরোজ বৈঠকে সভাপতিত্ব করেন



৩০ জানুয়ারি ২০২৪ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক এনএসডিএ শক্তিশালীকরণ প্রকল্পের অর্থায়নে যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রাপ্ত চাহিদার ভিত্তিতে এগ্রিকালচার সেক্টরের অধীন অ্যাকুয়াকালচার (লেভেল-৩) শীর্ষক অকুপেশনের একটি কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড (সিএস) এবং কোর্স এ্যাক্রিডিটেশন ডকুমেন্ট (সিএডি) ভ্যালিডেশন সম্পন্ন হয়েছে।



০১ ফেব্রুয়ারি ২০২৪ 'কম্পিটেন্সি বেজ্‌ড অ্যাসেসমেন্ট (সিবিএ) লেভেল-৪ এবং কম্পিটেন্সি-বেজ্‌ড ট্রেইনিং এন্ড অ্যাসেসমেন্ট (সিবিটিএন্ডএ) লেভেল-৪ এর প্রশিক্ষণ ও অ্যাসেসমেন্ট ডিজাইন পর্যালোচনা' শীর্ষক



২০ ফেব্রুয়ারি ২০২৪, বাংলাদেশে নিয়োজিত ইউরোপিয়ান ইউনিয়ন ডেলিগেশনের প্রতিনিধিবৃন্দের সংগে ট্যালেন্ট পার্টনারশিপের আওতায় নিরাপদ অভিবাসন নিশ্চিতের লক্ষ্যে দক্ষ মানবসম্পদ রপ্তানির বিভিন্ন দিক নিয়ে সভায় আলোচনা হয়।